বিবেচনা অনুযায়ী, সেই মতো অ্যাসুয়োর্ডকে .....টাকার একটা অতিরিক্ত প্রিমিয়াম ধার্য করা হচ্ছে।
অতিরিক্ত প্রিমিয়াম..... টাকা .....

নিজেকে পরীক্ষা **6**

ইস্যু করার সময় যদি পলিসির নির্দিষ্ট শর্তাবলী বদল করতে হয়, এটা করতে হবে _____সংশোধনীর মাধ্যমে।

I. ওয়ারণ্যান্টি
II. অনুমোদন
III. পরিবর্তন
IV. বদল করা সম্ভব নয়

G. *পলিসির ব্যাখ্যা*

বীমার চুক্তিকে লিখিতভাবে প্রকাশ করা হয় এবং বীমা পলিসির বাক্যগুলির খসড়া তৈরি করে বীমাকারক। এই পলিসিগুলিকে রূপায়িত হতে হয় নির্মাণ ও ব্যাখ্যার একটা নির্দিষ্ট সু-সংজ্ঞায়িত নিয়ম অনুযায়ী যা বিভিন্ন আদালত কর্তৃক প্রতিষ্ঠিত। নির্মাণের সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়মটা হলো পক্ষগুলির অভিপ্রায় যেন বিরাজমান থাকে এবং এই অভিপ্রায় যেন পলিসির মধ্যেও দেখা যায়।একটা পলিসি যদি দ্ব্যর্থক পদ্ধতিতে ইস্যু করা হয়, এটা তাহলে বীমাকারীর পক্ষে এবং বীমাকারকের বিপক্ষে আদালত ব্যাখ্যা করবে সেই সাধারণ নীতির ভিত্তিতে যে পলিসির খসড়া তৈরি করেছে বীমাকারকই।

পলিসির বাক্যগুলি নিম্নলিখিত নিয়মের ভিত্তিতে বুঝতে ও ব্যাখ্যা করতে হবে:

a) একটা সুস্পষ্টভাবে বর্ণিত অবস্থা একটা উহ্য শর্তকে অগ্রাহ্য করে যেখানে তেমনটা করার মধ্যে কোনো অসঙ্গতি রয়েছে।

b) স্ট্যান্ডার্ড ছাপানো ফর্ম ও টাইপ করা অথবা হাতে লেখা অংশের মধ্যে অসঙ্গতি হলে টাইপ বা হাতে লেখা অংশকে বিশেষ চুক্তিতে পক্ষগুলির অভিপ্রায় প্রকাশ বলে গণ্য করা হবে, সেগুলির মানে ছাপানো ফর্মে থাকা কথাগুলিকে অগ্রাহ্য করবে।

c) যদি একটা অনুমোদন চুক্তির অন্য অংশের মানের সঙ্গে না মেলে তাহলে অনুমোদনটাই জিতবে কারণ সেটা পরের দলিল।

d) ইটালিকসে লেখা ধারাগুলি সাধারণ ছাপানো শব্দকে অগ্রাহ্য করবে যেখানে সেগুলি সামঞ্জস্যহীন।

e) পলিসির মার্জিনে ছাপানো বা টাইপ করা ধারাগুলিকে পলিসির মধ্যে থাকা শব্দের তুলনায় বেশি গুরুত্ব দিতে হবে।

f) পলিসিতে যে ধারাগুলি অ্যাটাচ করা বা পেস্ট করা থাকে সেগুলি মার্জিনে থাক ধারা এবং পলিসির বডিতে থাকা ধারা উভয়কেই অগ্রাহ্য করে।

g) টাইপ করা শব্দ বা হাতে লিখে রাবার স্ট্যাম্প মারা শব্দগুলি ছাপানো শব্দকে অগ্রাহ্য করে।

h) টাইপ করা বা ছাপান শব্দের থেকে বেশি প্রাধান্য পায় হাতের লেখা।

i) উপরক্ত, স্বচ্ছতার কোনো অভাব বা অস্পষ্টতা থাকলে ব্যাকরণ ও যতিচিহ্নের সাধারণ নিয়ম প্রয়োগ করা হয়।

গুরুত্বপূর্ণ

1. **পলিসির নির্মাণ**

একটি বীমা পলিসি হলো একটা বাণিজ্যিক চুক্তির প্রমাণপত্র। অন্যান্য চুক্তির ক্ষেত্রে যেমন হয় তেমনি আদালত সমূহের গৃহীত নির্মাণের সাধারণ নিয়ম ও ব্যাখ্যা বীমার চুক্তিতেও প্রয়োগ করা হয়।

নির্মাণের মূল নিয়ম হলো সমস্ত পক্ষের অভিপ্রায় যেন বিরাজমান থাকে, অভিপ্রায় পলিসির দলিল থেকেও সংগ্রহ করতে হবে এবং প্রপোজাল ফর্ম, ধারা, অনুমোদন, ওয়ার্যান্টি প্রভৃতি এর সঙ্গে যুক্ত হয়ে চুক্তির একটা অংশ গঠন করবে।

2. **বাক্যের অর্থ**

ব্যবহৃত শব্দগুলিকে তাদের সাধারণ ও জনপ্রিয় অর্থেই ভাষান্তরিত করতে হয়। শব্দ যে অর্থে ব্যবহৃত হবে তা যেন একজন সাধারণ মানুষও সহজে বুঝতে পারেন। যেমন ''ফায়ার'' মানে অগ্নিশিখা বা আগুন।

অন্যদিকে, যে শব্দগুলির একটিসাধারণ ব্যবসা বা বাণিজ্যিক অর্থ রয়েছে সেগুলি একই মানে বোঝাবে যদি না বাক্যের প্রেক্ষাপট অন্যরকম ইঙ্গিত করে। যেখানে শব্দ কোনো সংবিধি দ্বারা নিয়ন্ত্রিত হয়, সেখানে সেই সংজ্ঞার অর্থেই শব্দটিকে ব্যবহার করা হবে, যেমন ''চুরি'' বলতে ভারতীয় দণ্ড বিধিতে যা বোঝানো হয় তাই।

বীমা পলিসিতে এমন বহু শব্দ ব্যবহৃত হয় যা আগের কোনো আইনী রায়ের সঙ্গে সংশ্লিষ্ট এবং একটি উচ্চতর আদালতের সিদ্ধান্তকে একটি নিম্ন আদালতের সিদ্ধান্ত অনুসরণ করে। টেকনিকাল পরিভাষা সবসময় তাঁদের টেকনিকাল অর্থই দেবে, যদি না বিপরীত কোনো ইঙ্গিত থাকে।

H. *রিনিউয়াল নোটিস*

বেশিরভাগ সাধারণ বীমা পলিসিতে বার্ষিক ভিত্তিতে বীমা করা হয়।

যদিও কোনো আইনী বাধ্যবাধকতা নেই যে বীমাকারকের তরফে বীমাকারীকে পরামর্শ দেওয়া যে তাঁর পলিসিটা একটা নির্দিষ্ট দিনে শেষ হচ্ছে, তবুও সৌজন্য ও স্বাস্থ্যকর ব্যবসা চর্চা হিসেবেই বীমাকারক মেয়াদ শেষ হওয়ার আগে তাঁকে একটা রিনিউয়াল নোটিস পাঠান ও পলিসির পুনর্নবীকরণ (রিনিউয়াল) করাতে আমন্ত্রণ জানান। নোটিসে অন্তর্ভুক্ত থাকে পলিসির প্রাসঙ্গিক সমস্ত বিবরণ যেমন বীমাকৃত অঙ্ক, বার্ষিক প্রিমিয়াম প্রভৃতি। সাধারণের সঙ্গে এক নোট পাঠান হয় যাতে বীমাকারীকে পরামর্শ দেওয়া হয় যে তাঁর উচিত ঝুঁকির কোনো বস্তুগত বদল হয়ে থাকলে তা জানানোর জন্য।

উদাহরণস্বরূপ, মোটর রিনিউয়াল নোটিসে বীমাকারীর মনোযোগ টানা হয় বীমাকৃত অর্থের বর্তমান চাহিদার নিরিখে পুনর্বিবেচনার জন্য (যেমন বীমাকারীর তরফে গাড়ির ঘোষিত মূল্য)।

বীমাকারীর মনোযোগ একটি বিধিবদ্ধ ধারার দিকেও আকর্ষণ করা হয় যে প্রিমিয়াম আগাম জমা না পড়লে কোনো ঝুঁকিই গৃহীত হবে না।

নিজেকে পরীক্ষা 7

রিনিউয়াল নোটিস সম্পর্কে নিচের কোন বিবৃতিটি সঠিক?

I. বিধি অনুযায়ী, পলিসি শেষ হওয়ার 30 দিনের আগে, বীমাকারীকে একটা রিনিউয়ালের নোটিস পাঠানোর ক্ষেত্রে বীমাকারকের আইনী বাধা রয়েছে

II. বিধি অনুযায়ী, পলিসি শেষ হওয়ার 15 দিনের আগে, বীমাকারীকে একটারিনিউয়ালের নোটিস পাঠানোর ক্ষেত্রে বীমাকারকের আইনী বাধা রয়েছে

III. বিধি অনুযায়ী, পলিসি শেষ হওয়ার 7 দিনের আগে, বীমাকারীকে একটা রিনিউয়ালের নোটিস পাঠানোর ক্ষেত্রে বীমাকারকের আইনী বাধা রয়েছে

IV. বিধি অনুযায়ী, পলিসি শেষ হওয়ার 7 দিনের আগে, বীমাকারীকে একটা রিনিউয়ালের নোটিস পাঠানোর ক্ষেত্রে বীমাকারকের আইনী বাধা রয়েছে

সারসংক্ষেপ

a) দলিলের প্রথম পর্যায়টা হলো মূলত প্রোপোজাল ফর্ম যার মাধ্যমে বীমাকারী তার নিজের সম্পর্কে জানাবেন।

b) বস্তুগত তথ্য প্রকাশের কর্তব্য দেখা দেয় পলিসি শুরুর আগে এবং তা চুক্তি শেষ হওয়ার পরেও চলে।

c) বীমা কোম্পানিগুলি সাধারণত বীমাকারকের সই করা একটা ঘোষণা পত্র প্রোপোজাল ফর্মের শেষে জুড়ে দেয়।

d) একটা প্রোপোজাল ফর্মের অন্তর্ভুক্ত উপাদনগুলি:

i. প্রস্তাবকের পুরো নাম
ii. প্রস্তাবকের ঠিকানা ও যোগাযোগের বিস্তারিততথ্য
iii. প্রস্তাবকের পেশা, বৃত্তি অথবা ব্যবসা
iv. বীমার বিষয়বস্তুর বিবরণ ও পরিচয়
v. বীমাকৃত অঙ্ক
vi. আগের ও বর্তমান বীমা
vii. ক্ষতির অভিজ্ঞতা
viii. বীমাকারীর ঘোষণা

e) যিনি মধ্যস্থতাকারী হিসেবে কাজ করেন, এমন একজন এজেন্টের দায়িত্ব থাকে বীমাকারীর দেওয়া ঝুঁকি সম্পর্কে সমস্ত বস্তুগত তথ্য বীমাকারককে নিশ্চিতভাবে দেয়া।

f) প্রস্তাব বা প্রোপোজাল পরীক্ষা ও গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়াটি আন্ডাররাইটিং বলে পরিচিত।

g) প্রিমিয়াম হলো একটা বীমার চুক্তির অধীনে একটি বিষয়বস্তুর বীমা দিতে বীমাকারককে প্রদেয় বীমাকারীর বিবেচনা বা মূল্য।

h) প্রিমিয়াম দেওয়া যায় নগদে, কোনো স্বীকৃত ব্যাঙ্কিং লেনদেন সরঞ্জাম, পোস্টাল মানি অর্ডার, ক্রেডিট বা ডেবিট কার্ড, ইন্টারনেট, ই-ট্রান্সফার, ডাইরেক্ট ক্রেডিট বা সময়ে সময়ে কর্তৃপক্ষের অনুমোদিত অন্য কোনো উপায়েও।

i) একটা কভার নোট ইস্যু করা হয় যখন পলিসির প্রস্তুতি বকেয়া থাকে অথবা যখন বীমা নিয়ে আলাপ-আলোচনা চলে এবং অস্থায়ী ভিত্তিতে বীমার কভার দেওয়াটাও জরুরী।

j) কভার নোট প্রধানত ব্যবহৃত হয় মেরিন ও মোটর শ্রেনীর ব্যবসায়।

k) বীমার একটি শংসাপত্র যেখানে দরকার লাগে সেখানে বীমার অস্তিত্বের একটা প্রমাণ পত্র।

l) পলিসি হলো একটা আনুষ্ঠানিক দলিল যা বীমার চুক্তির প্রমাণ দেয়।

m) ওয়ারান্টি হল পলিসিতে বর্ণিত একটা শর্ত যা চুক্তির বৈধতার জন্য আক্ষরিকভাবে মেনে চলতে হয়।

n) পলিসি ইস্যু করার সময় যদি নির্দিষ্ট কোনো শর্তাবলীর বদল করতে হয়, তা করা হয় একটা দলিলের মাধ্যমে সংশোধন /পরিবর্তন করে যাকে বলে অনুমোদন।

o) নির্মাণের সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়মটা হলো পক্ষগুলির অভিপ্রায় যেন বিরাজমান থাকে এবং এই অভিপ্রায় পলিসিতে প্রতিফলিত হতে হবে।

মূল পরিভাষা

a) পলিসি ফর্ম
b) প্রিমিয়ামের আগাম জমা
c) কভার নোট
d) বীমার শংসাপত্র (সার্টিফিকেট অফ ইন্সিওরেন্স)
e) রিনিউয়াল নোটিস
f) ওয়ারন্যান্টি

নিজেকে পরীক্ষার উত্তরসমূহ

উত্তর 1

সঠিক বাছাই হলো III.

অবদান নীতি নিশ্চিত করে যে একই বিষয়বস্তুর কভারিংয়ে থাকা একাধিক বীমাকারক একসঙ্গে ক্লেইমের অ্যামাউন্টটাকে ভাগ করে নিতে এগিয়ে আসবেন, আর এটা হবে বিষয়বস্তুতে তাঁদের এক্সপোজারের অনুপাতে

উত্তর 2

সঠিক বাছাই হলো II.

নির্দেশিকা অনুযায়ী, একটা বীমা কোম্পানিকে **15** দিন সময়ের মধ্যে প্রস্তাবের প্রক্রিয়া শেষ করতে হয়।

উত্তর 3

সঠিক বাছাই হলো I.

প্রিমিয়াম পেমেন্ট যদি চেকে করা হয়, তাহলে ঝুঁকি সেই দিন থেকে গৃহীত হবে যেদিন চেকটা পোস্ট করা হয়েছে।

উত্তর 4

সঠিক বাছাই হলো IV.

কভার নোট প্রধানত ব্যবহৃত হয় মেরিন ও মোটর শ্রেণীর সাধারণ বীমায়।

উত্তর 5

সঠিক বাছাই হলো II.

একটি ওয়ার‍্যান্টি হলো একটি শর্ত যা পলিসিতে প্রকাশিত হয়।

উত্তর 6

সঠিক বাছাই হলো II.

ইস্যু করার সময় যদি পলিসির নির্দিষ্ট শর্তাবলী বদল করতে হয়, এটা করতে হবে অনুমোদন সংশোধনীর মাধ্যমে।

উত্তর 7

সঠিক বাছাই হলো IV.

বিধি অনুযায়ী, পলিসি শেষ হওয়ার আগে বীমাকারীকে একটা রিনিউয়ালের নোটিস পাঠানোর ক্ষেত্রে বীমাকারকের কোনো আইনী বাধা নেই।

নিজেকে পরীক্ষার প্রশ্নসমূহ

প্রশ্ন 1

_____ হলো পলিসির অধীনে বীমাকারকের দায়বদ্ধতার সর্বোচ্চ সীমা।

I. বীমাকৃত অঙ্ক বা সাম অ্যাসুয়োর্ড

II. প্রিমিয়াম

III. সারেন্ডার ভ্যালু

IV. ক্ষতির পরিমাণ

প্রশ্ন 2

_____ হলো একটা চুক্তির অধীনে প্রদেয় বিবেচনা বা মূল্য

I. ক্লেইম অ্যামাউন্ট

II. সারেন্ডার ভ্যালু

III. ম্যাচুইরিটি অ্যামাউন্ট

IV. প্রিমিয়াম

প্রশ্ন 3

যে দলিল বীমার চুক্তির প্রমাণ দেয় তাকে বলে _____

I. পলিসি

II. কভার নোট

III. অনুমোদন

IV. বীমার শংসাপত্র

প্রশ্ন 4

প্রকাশের কর্তব্য দেখা দেয়

I. পলিসি শুরুর আগে

II. পলিসি শুরুর পরে

III. পলিসি শুরুর আগে এবং পলিসি চলাকালীণও থাকে

IV. এমন কোনো কর্তব্যই নেই

প্রশ্ন 5

বিষয়বস্তুর তথ্য

I. হলো একটা পলিসিতে কভার হওয়া সমস্ত বস্তুর মূল্য

II. ঝুঁকির মূল্যায়ণের জন্য গুরুত্বপূর্ণ নয়

III. হলো গুরুত্বপূর্ণ কারণ এটি আন্ডাররাইটারের সিদ্ধান্তকে প্রভাবিত করে

IV. গুরুত্বপূর্ণ নয় কারণ এটি আন্ডাররাইটারের সিদ্ধান্তে সাহায্য করে না

প্রশ্ন 6

ফায়ার প্রোপোজাল জানতে চায়

I. ম্যানুফ্যাকচারের ধরন

II. মজুত করা সামগ্রীর বিবরণ

III. বিল্ডিংয়ের নির্মাণ

IV. উপরের সবকটিই

প্রশ্ন 7

প্রিমিয়াম নেওয়া যায় না

I. নগদে

II. চেক দিয়ে

III. কর্জপত্র বা প্রমিশারি নোট দিয়ে

IV. ক্রেডিট কার্ড দিয়ে

প্রশ্ন 8

মোটর বীমার শংসাপত্র

I. বাধ্যতামূলক নয়

II. সবসময় নিজের কাছে রাখতে হয়

III. সবসময় গাড়িতে রাখতে হয়

IV. ব্যাঙ্কের লকারে রেখে দিতে হয়

প্রশ্ন 9

একটা ওয়ারন্যান্টি

I. হলো একটা শর্ত একটা পলিসিতে যা বিবৃত করা হয়

II. যা মেনে চলতে হয়

III. **a** এবং **b** উভয়ই

IV. উপরের কোনোটিই নয়

প্রশ্ন 10

মোটর বীমার জন্য রিনিউয়াল নোটিস ইস্যু করেন

I. বীমাকারi পলিসির মেয়াদ শেষ হওয়ার আগে

II. বীমাকারক পলিসির মেয়াদ শেষ হওয়ার আগে

III. বীমাকারী পলিসির মেয়াদ শেষ হওয়ার পরে

IV. বীমাকারক পলিসির মেয়াদ শেষ হওয়ার পরে

নিজেকে পরীক্ষার উত্তরসমূহ

উত্তর 1

সঠিক বাছাই হলো I.

বীমাকৃত অঙ্ক বা সাম অ্যাসুয়োর্ড হলো পলিসির অধীনে বীমাকারকের দায়বদ্ধতার সর্বোচ্চ সীমা।

উত্তর 2

সঠিক বাছাই হলো IV.

প্রিমিয়াম হলো একটা চুক্তির অধীনে প্রদেয় বিবেচনা বা মূল্য।

উত্তর 3

সঠিক বাছাই হলো I.

যে দলিল বীমার চুক্তি এক প্রমাণ দেয় তাকে বলে পলিসি।

উত্তর 4

সঠিক বাছাই হলো III.

তথ্য প্রকাশের কর্তব্য দেখা দেয় পলিসি শুরুর আগে এবং এমনকি পলিসি চালাকালীনও

উত্তর 5

সঠিক বাছাই হলো III.

বিষয়বস্তুর তথ্য হলো গুরুত্বপূর্ণ কারণ এটি আন্ডাররাইটারের সিদ্ধান্তকে প্রভাবিত করে।

উত্তর 6

সঠিক বাছাই হলো IV.

ফায়ার প্রোপোজাল জানতে চায় ম্যানুফ্যাকচারের ধরন, মজুত করা সামগ্রীর বিবরণ এবং বিল্ডিংয়ের নির্মাণ

উত্তর 7

সঠিক বাছাই হলো III.

প্রিমিয়াম কর্জপত্র বা প্রমিশারি নোট দিয়ে নেওয়া যায় না।

উত্তর 8

সঠিক বাছাই হলো III.

মোটর বীমার শংসাপত্র সবসময় গাড়িতে রাখতে হয়।

উত্তর 9

সঠিক বাছাই হলো III.

একটা ওয়ার্যান্টি হলো একটা শর্ত একটা পলিসিতে যা বিবৃত করা হয় এবং যা মেনে চলতে হয়।

উত্তর 10

সঠিক বাছাই হলো II.

মোটর বীমার জন্য রিনিউয়াল নোটিস বীমাকারক ইস্যু করেন পলিসির মেয়াদ শেষ হওয়ার আগে।

সংযোজন

সংযোজন – ক

মোটরযান বীমা প্রস্তাবের ফর্ম

ব্যক্তিমালিকানাধীন মোটরযান দ্বিচক্রযান – প্যাকেজ পলিসি

প্রস্তাবকারীর নাম			
যোগাযোগের ঠিকানা			
টেলিফোন/ফ্যাক্স নম্বর			
ই-মেল ঠিকানা			
ব্যাঙ্ক অ্যাকাউন্ট নং. (এসবি/কারেন্ট)			
এইচপিএ/দায়বদ্ধ			
প্রয়োজনীয় পলিসির প্রকার	প্যাকেজ পলিসি		
বীমার সময়কাল	থেকে সময় ..... তারিখ:		পর্যন্ত

বীমাকৃতের পরিচায়ক চিহ্ন

গাড়ির বিবরণ

নথিভুক্তির নম্বর	ইঞ্জিন নং. এবং চেসিস নং.	প্রস্তুতির বছর	প্রস্তুতকারী ও মডেল /কাঠামোর প্রকার	কিউবিক সক্ষমতা	আসন সংখ্যা	রঙ	ব্যবহৃত জ্বালানী

বীমাকৃত গাড়ির সঠিক পরিচায়ক চিহ্ন

নথিভুক্তিকারী কর্তৃপক্ষ – নাম এবং অবস্থিতি:						
মোটরযানের মূল্য:						
ইনভয়েস মূল্য	বৈদ্যুতিক /বৈদ্যুতিন সহায়ক যন্ত্রাংশসমূহ	অ-বৈদ্যুতিক সহায়ক যন্ত্রাংশসমূহ	পাশে থাকা সংযোজক গাড়ি /ট্রেলার	এলপিজি/সিএনজি যন্ত্রাংশ	মোট মূল্য	আইডিভি

এটি দাবি নিষ্পত্তিকরণের এবং প্রিমিয়াম নির্ধারণের ভিত্তি

মোটরযানের ইতিহাস						
পূর্ববর্তী পলিসি নম্বর	সুরক্ষার প্রকার	বীমাকারীর নাম এবং ঠিকানা	কোন দাবি না থাকাজনিত বোনাসের অধিকার	পলিসি শেষ হওয়ার তারিখ	বিগত ৩ বছরের দাবির অভিজ্ঞতা	প্রথম ক্রয় এবং নথিভুক্তিকরণের তারিখ

আন্ডাররাইটিং উপাদানসমহ – রেটিং ভিত্তিক

মোটরযানের ব্যবহার:			
ব্যবহারের উদ্দেশ্য	গাড়ি রাখার বিস্তারিত বিবরণ	চালকের বিস্তারিত বিবরণ	এক বছরে চলার গড় কিলোমিটার
আনন্দ	আচ্ছাদিত গ্যারেজ	মালিক নিজে	
পেশাগত	অনাচ্ছাদিত গ্যারেজ	বেতনভুক চালক	
বাণিজ্য/খুচরো ব্যবসা	সংলগ্ন জমির ভিতরে	আত্মীয়বৃন্দ	
সংস্থাগত	রাস্তার ধারে	বন্ধুগণ	

বীমাকারীকে স্বীকৃত ঝুঁকিটি অনুধাবনে সহায়তা করে

ঝুঁকি প্রশমন/বিরুদ্ধ ঝুঁকি জানা

ডিস্কাউন্ট ও লোডিংসমূহ:	
ঐচ্ছিক অতিরিক্ত : আপনি কি বাধ্যতামূলক পলিসি অতিরিক্তের উপরে অধিক ঐচ্ছিক অতিরিক্তটি নিতে চান	হ্যাঁ/না – যদি হ্যাঁ হয়, অনুগ্রহ করে অংকটি নির্দিষ্ট করুন দ্বিচক্রযান – Rs.৫০০/৭০০/১০০০০/১৫০০/৩০০০ ব্যক্তিগতমালিকাধীন
আপনি কে অটোমোবাইল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার একজন সদস্য	হ্যাঁ/নাযদি হ্যাঁ হয়, অনুগ্রহ করে জানান: ১। অ্যাসোসিয়েশনের নাম ২। সদস্যতা নম্বর: শেষ হওয়ার তারিখ:
গাড়িটিতে এআরএআই দ্বারা অনুমোদিত কোন প্রকার চুরি প্রতিরোধকারী যন্ত্রব্যবস্থা লাগানো আছে	হ্যাঁ/না যদি হ্যাঁ হয়, এএএসআই দ্বারা প্রদত্ত সংস্থাপনের সংশাপত্রটি সংযোজিত করুন
গাড়িটি কি অপ্রচলিত জ্বালানী দ্বারা চালিত হয়	হ্যাঁ/না যদি হ্যাঁ হয়, অনুগ্রহ করে বিস্তারিত বিবর
গাড়িটিতে কি দুই প্রকার জ্বালানী ব্যবহারের যন্ত্রাদিt/ফাইবার গ্লাস ট্যাঙ্ক লাগানো আছে	হ্যাঁ/না যদি হ্যাঁ হয়, অনুগ্রহ করে বিস্তারিত বিবর
আপনি কি টিপিপিডি আচ্ছাদনটি ৬০০০/- টাকার আইনানুগ সীমা পর্যন্ত সীমাবদ্ধ রাখতে চান	হ্যাঁ/না
প্রয়োজনীয় অতিরিক্ত সুরক্ষাসমূহ	
আনুসঙ্গিক যন্ত্রাংশের চুরি যাওয়া (শুধুমাত্র দ্বিচক্রযান)	
চালকের আইনগত দায়	
বেতনভুক চালকের পিএ	

কোম্পানীর নীতি অনুসারে ছাড় ও লোডিং-এর জন্য বিবেচত আন্ডাররাইটিং উপাদানসমূহ

আবশ্যিক : স্বচালকের ব্যক্তিগত দুর্ঘটনা সংক্রান্ত সুরক্ষা
স্বচালকের জন্য ব্যক্তিগতদুর্ঘটনাসংক্রান্ত সুরক্ষা আবশ্যিক। অনুগ্রহ করে মনোয়নয় সম্পর্কে বিস্তারিত বিবরণ প্রদান করুন: (ক) মনোনীতের নাম এবং বয়স: (খ) সম্পর্ক : (গ) নিযুক্তকৃতের নাম : (যদি মনোনীত একজন নাবালক হন) (ঘ) মনোনীতের সঙ্গে সম্পর্ক: (দ্রষ্টব্য: ১। মালিক চালকের জন্য ব্যক্তিগত দুর্ঘটনা আচ্ছাদন আবশ্যিকভাবে বীমাকৃত রাশি দ্বিচক্রযানের জন্য ১,০০,০০০/- টাকা এবং ব্যক্তিগত মালিকাধীন গাড়ির জন্য ২,০০,০০০/-। ২। যে ক্ষেত্রে একটি গাড়ি, একটি কোম্পানী, একটি অংশীদারীভিত্তিক সংস্থা অথবা এই প্রকার কোন আইনানুগ সংস্থার মালিকানাধীন, আবশ্যিক ব্যক্তিগত দুর্ঘটনা আচ্ছাদনটি অনুমোদন করা যাবে না (মালিক চালকের একটি কার্যকরী লাইসেন্স নাও থাকতে পারে।)
নাম উল্লেখিত ব্যক্তিদের জন্য ব্যক্তিভিত্তিক দুর্ঘটনা আচ্ছাদন

Additional coverage subject to additional premium

নামিত ব্যবহারকারীর ব্যক্তিভিত্তিক দুর্ঘটনা বা পিএ	(IMT-15)	আপনি কি নামিত ব্যক্তিগণের জন্য ব্যক্তিগত দুর্ঘটনা অচ্ছাদনটি অন্তর্ভুক্ত করতে চান?			
		নাম	সিএসআই গৃহীত (টাকা)	মনোনীত	সম্পর্ক
		১)			
		২)			
		৩)			
		হ্যাঁ/না, যদি হ্যাঁ হয়, নাম এবং পছন্দকৃত ক্যাপিটাল সাম অ্যাস্যুর্ড (সিএসআইটি প্রদান করুন (দ্রষ্টব্য: ব্যক্তি প্রতি উপলব্ধ সর্বাধিক সিএসআই হল ব্যক্তিগত মালিগকানাধীন গাড়িগুলির জন্য ২ লক্ষ টাকা এবং মোটরযুক্ত দ্বিচক্রযানগুলির জন্য ১ লক্ষ টাকা)			

অনামিত ব্যক্তিগণ/পিছনে বসা আরোহী/অনামিত যাত্রিগণদের জন্য ব্যক্তিগত দুর্ঘটনা আচ্ছাদন	

সংযুক্তিমূলক আচ্ছাদনসমূহ

শূন্য বিবরণ	
সৌজন্যমূলক গাড়ি	
চিকিত্সাভিত্তিক খরচসমূহ	
ব্যক্তিগত সমাগ্রীসমূহ	
অন্যান্য বিবরণসমূহ	
সংযক্তিমলক আচ্ছাদনসমহ চাল	
গাড়িটির ব্যবহার কি নিজস্ব মালিকানাধীন অঞ্চলেই সীমাবদ্ধ	হ্যাঁ/না
গাড়িটি কি কোন বিদেশী দূতাবাসের মালিকানাধীন	হ্যাঁ/না
গাড়িচি কি প্রাচীন কালের গাড়ি হিসাবে সংশিত	হ্যাঁ/না
গাড়িটি অন্ধ/পঙ্গু ব্যক্তিদের ব্যবহারের জন্য নকশাকৃত	হ্যাঁ/না, যদি হ্যাঁ হয়, অনুগ্রহ করে আরটিএ-এর অনুমোদনসমূহের বিস্তারিত বিবরণ প্রদান করুন
গাড়িটি কি গাড়ি চালনা প্রশিক্ষণের জন্য ব্যবহৃত হয়	হ্যাঁ/না
ভৌগলিক অঞ্চলের সম্প্রসারণের প্রয়োজনীয়তা আছে কি	নেপাল, বাংলাদেশ, ভুটান, মালদ্বীপ, পাকিস্তান, শ্রীলঙ্কা

রেটিং-এর উপর যে তথ্যসমূহের প্রভাব থাকতে পারে, এছাড়াও কিছু প্রয়োজনীয় সংখ্যাভিত্তিক

আপনি কি একটি একপৃষ্ঠা সম্বলিত পলিসি চান?

বীমাকৃতের ঘোষণা

চূড়ান্ত ভালো বিশ্বাসের নীতির ভিত্তিতে

আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে আমার/আমাদের দ্বারা এই প্রস্তাবের ফর্মটি [illegible] আমাদের সর্বোত্কৃষ্ট জ্ঞান এবং বিশ্বাসে সত্য এবং আমি/আমরা এতদ্বারা স্বীকৃত হচ্ছি যে এই ঘোষনাটি আমার/আমাদের এবং _____-এর মধ্যে চুক্তিটির ভিত্তি গঠন করবে।

আমি/আমরা এতদ্বারা এও ঘোষণা করছি যে এই প্রস্তাবের ফর্মটি জমা করার পরে কোন প্রকার সংযোজন অথবা সংশোধন সংঘটিত হলে সেটি বীমাকারীর নিকট তাত্ক্ষণিকভাবে সূচীত করা হবে।

আমি/আমরা নিশ্চিত করতে চাই যে পূর্ববর্তী পলিসিটির সমাপ্তির তারিখ থেকে এখনও পর্যন্ত আমার/আমাদের গাড়ির কোন প্রকার দুর্ঘটনা ঘটেনি। আমি/আমরা নিশ্চিত করছি যে উপরোক্ত গাড়িটি আপনাদের সঙ্গে বীমাকরণের জন্য আমি/আমরা _____ তে _____ তারিখে প্রিমিয়াম প্রদান করেছি।

এটি অনুধাবনকৃত এবং স্বীকৃত যে _____ (সময়) -এর পূর্বের কোন প্রকার দুর্ঘটনার কারণে উদ্ভুত কোন প্রকার ক্ষতি/বিনষ্ট হওয়া/দায়ের জন্য আপনারা কোন প্রকৃতির দায়ের জন্যই দায়বদ্ধ নন।

আমি/আমরা ঘোষণা করি যে গাড়িটি সম্পূর্ণ এবং রাস্তায় চালানোর অবস্থা আছে।

স্থান :

তারিখ : **প্রস্তাবকের স্বাক্ষর**

সংযোজন - খ

প্রস্তাব ফর্ম

(এই ফর্মের প্রদানটি দায়ের একটি স্বীকতি হিসাবে ধরে নেওয়া যাবে না)

সাধারণ অগ্নি এবং বিশেষ বিপদসমূহের পলিসি

এই প্রস্তাবটির গ্রহণ কোম্পানীর নিয়ম এবং অধিনিয়মসমূহের উপর নির্ভরশীল। প্রস্তাবটির গ্রহণ এবং প্রিমিয়াম প্রদান না হওয়া পর্যন্ত সম্পদটি আচ্ছাদিত নয়।

প্রতিনিধি_____ গ্রাহক সংকেত সংখ্যা:

প্রস্তাবক সম্পর্কে বিস্তারিত বিবরণপ্রস্তাবককে চিহ্নিতকরণে সহায়তা করে।

১। প্রস্তাবকের নাম

বীমাকতের চিহ্নিতকরণ

২। প্রস্তাবকের ঠিকানা যোগাযোগের জন্য এবং দাবির নিষ্পত্তির ক্ষেত্রে প্রয়োজনায় ঠিকানা প্রদান করে

টেলিফোন নং:-ফ্যাক্স নং:-_____

(মোবাইল) :- (ই- মেল) :-_____

যেখানে প্রযোজ্য এ চিহ্নটি প্রদান করুন ☑

সকল প্রশ্নসমূহের সম্পূর্ণ উত্তর প্রদান করতে হবে। স্থান অসঙ্কুলান হওয়ার ক্ষেত্রে অনুগ্রহ করে তথ্যটি একটি সংযোজন হিসাবে সংলগ্নকৃত করুন:

প্রস্তাবকের ব্যবসা

ঝুঁকিটি অনুধাবন করুন

৩। কোনটির সুরক্ষা প্রদান করা হচ্ছে	রেটিং-এর জন্য অকপেন্সির
৪। অনুকূলে পলিসিটি প্রদত্ত (আর্থিক সংস্থাঅন্তর্গত করে বীমাকরণের স্বার্থযুক্ত সকল ব্যক্তির নামের তালিকা)	
৫। জড়িত ঝুঁকি (পিন কোড সহ সম্পূর্ণ ডাক ঠিকানা)	যে স্থানটি আচ্ছাদিত করা ঝুঁকি সমহের চিহ্নিতকরন
৬। বীমার সময়কাল	থেকে ☐☐☐☐☐☐☐☐ পর্যন্ত ☐☐☐☐☐☐☐☐
৭। আপনি কি প্রাথমিক সুরক্ষার তালিকা থেকে এই বিপদগুলি বিলোপ করতে চান	প্রয়োজনীয় আচ্ছাদনের ক্ষেত্রে বীমাকৃতের সজ্ঞান সিদ্ধান্ত
ক) ঝড়, বন্যা, ঝঞ্ঝা, প্লাবন, ঘূর্ণীঝড়, বিপদগুচ্ছ	হ্যাঁ ☐ না ☐
খ) দাঙ্গা, হরতাল, বিদ্বেষপরায়নজনিত ক্ষতি	হ্যাঁ ☐ না ☐
গ) সন্ত্রাসবাদমূলক সুরক্ষা সম্প্রসারণ (আরএসএমডি পছন্দ করা হলে তবে এটি পছন্দ করা যাবে)	হ্যাঁ ☐ না ☐

সংযোজন - খ

EQ বিপদগুলির এই রাশিটি আচ্ছাদিত

৮। আপনি কি আপনার বাড়িটির সঙ্গে প্লিন্থ এবং ভিতটিও সুরক্ষিত করতে চান?	হ্যাঁ ☐ না ☐	
কোন প্রকার অতিরিক্ত সুরক্ষাসমূহ ক) স্থপতি, পর্যবেক্ষক এবং উপদেষ্টা ইঞ্জিনিয়রের খরচসমূহ (দাবির রাশিটির ৩% অতিরিক্ত)	হ্যাঁ ☐ না ☐	Sl =
খ) ভগ্নাবশেষের অপসারণ (দাবির রাশিটির ১% অতিরিক্ত)	হ্যাঁ ☐ না ☐	Sl =
গ) হিমঘরে বিনষ্ট হওয়া মজুত দ্রব্যসমূহ	হ্যাঁ ☐ না ☐	Sl =
১।একটি বৈদ্যুতিক বিপদের কারণে বৈদ্যুতিক পরিষেবার টার্মিনাল প্রান্তে বিদ্যুৎ সরবরাহের ব্যর্থতার কারণে	হ্যাঁ ☐ না ☐	Sl =
২। বীমাকৃত বিপদের কারণে বীমাকৃতের স্থানটিতে হিমঘরের যন্ত্রাংশের ক্ষতির কারণ জনিত তাপমাত্রার বৃদ্ধি ঘটলে।	হ্যাঁ ☐ না ☐	Sl =
ঘ) দাবানল	হ্যাঁ ☐ না ☐	Sl =
ঙ) বীমাকৃতের নিজস্ব গাড়ি, ফর্ক লিফ্ট এবং একই জাতীয় বস্তুর এবং পতনের কারণে ধাক্কাজনিত ক্ষতি	হ্যাঁ ☐ না ☐	Sl =
চ) স্বস্থলন	হ্যাঁ ☐ না ☐	Sl =

অতিরিক্ত আচ্ছাদনের ক্ষেত্রে বীমাকৃতের সজ্ঞান সিদ্ধান্ত

ছ) সংযোজন, সংশোধন এবং সম্প্রসারণগুলির বীমা না করানো	হ্যাঁ ☐	না ☐	S1 =
জ) ভূমিকম্প (অগ্নি এবং ঝটকা)	হ্যাঁ ☐	না ☐	S1 =
ঝ) ক্ষতিগ্রস্থ উপাদানের আচ্ছাদন	হ্যাঁ ☐	না ☐	S1 =
ঞ) চুঁইয়ে বার হওয়া এবং দূষনের আচ্ছাদন	হ্যাঁ ☐	না ☐	S1 =
ট) মজুত দ্রব্যের সাময়িক অপসারণ	হ্যাঁ ☐	না ☐	S1 =
ঠ) ভাড়া না পাওয়া	হ্যাঁ ☐	না ☐	S1 =
ড) একটি বিকল্প স্থানের জন্য অতিরিক্ত ভাড়া	হ্যাঁ ☐	না ☐	S1 =
ঢ) শুরু করার খরচসমূহ	হ্যাঁ ☐	না ☐	S1 =

শুধুমাত্র সেইগুলিই পছন্দ করুন যেগুলরি বীমাকৃতের ব্যবসার সঙ্গে সম্পর্কযুক্ত

ণ। গলিত পদার্থসমূহের ক্ষতি	হ্যাঁ ☐ না ☐	S1 =
৯। আপনি কি একই সম্পদ অন্য কোন সংস্থার দ্বারা একই প্রকার সুরক্ষাসহ বীমা করিয়েছেন (যদি তাই হয় বিস্তারিত বিবরণ দিন)		
১০। বীমার সুরক্ষাগুলি কি অন্য সংস্থাটি দ্বারা অস্বীকৃত অথবা কোন প্রকার বিশেষ শর্তাবলী কি আরোপিত (যদি হয়ে থাকে, বিস্তারিত বিবরণ দিন)		
(ক্ষতির অভিজ্ঞতার বিস্তারিত বিবরণী)		
১১। সময়কাল সম্পূর্ণ হওয়া পলিসিটি ব্যতীত বিগত মাসটির জন্য প্রিমিয়াম/দাবি বহনের বিস্তারিত বিবরণ	প্রিমিয়াম	দাবিসমূহ

সংযোজনের নীতিটি প্রয়োগের জন্য বিস্তারিত বিবরণ প্রয়োজন

আন্ডার রাইটারের প্রতি ঝুঁকি মান সম্পর্কে একটি অন্তর্দৃষ্টি প্রদান করন

দাবির অভিজ্ঞতাটি ঝুঁকি মূল্যায়নের জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান

স্থানটিতে আচ্ছাদিত ঝুঁকিটি কি প্রকারের ?

প্রস্তাবকের ব্যবসায়ের বিস্তারিত বিবরণ

১২। বীমাকৃত সম্পদটি হল:	
ক। বসবাসের জন্য, কার্যলয়, দোকান, হোটেল ইত্যাদি।	ঝুঁকির ধারণটি রেটের ভিত্তিস্বরুপ
খ। শিল্পভিত্তিক /গঠনভিত্তিক ঝুঁকিসমূহ	
গ। শিল্পভিত্তিক/গঠনভিত্তিক-এর বহির্ভূত মজুতের ঝুঁকিসমূহ	
ঘ। শিল্পভিত্তিক/গঠনভিত্তিক-এর বহির্ভূত ট্যাঙ্ক/গ্যাস ধারকের ঝুঁকিসমূহ	
ঙ। শিল্পভিত্তিক/গঠনভিত্তিক-এর বহির্ভূত স্থানে অবস্থিত উপযোগী সামগ্রীর ঝুঁকিসমূহ	প্রাথমিক রেট এবং আচ্ছাদনগুলি নির্ধারণের জন্য ঝুঁকির প্রকৃতি
চ। বসবাসের জন্য, কার্যলয়, দোকান, হোটেল ইত্যাদি।	
১৩। যদি একটি দোকান হিসাবে ব্যবহৃত হয়, অনুগ্রহ করে জানান যে ব্যবহৃত সামগ্রীগুলির মধ্যে কোনটি নিচের তালিকার অন্তর্গত। যদি হ্যাঁ হয়, এই সামগ্রীগুলির মুল্যগুলি কি মোট মজুত মূল্য থেকে ৫%-এর অধিক হয়: ১) সেলুলয়েড সামগ্রীসমূহ, ২) খোলা ছোবড়া, ৩) পটকা এবং আতশবাজি, ৪) যেকোন প্রকারের বিস্ফোরক পদার্থ, ৫) শুষ্ক শস্য/খড়, ৬) শন জাতিয় পদার্থ, ৭) খোলা পাটের দ্রব্যসমূহ, ৮) দেশলাই, ৯) মেথিলেটেড স্পিরিট, ১০) নাইট্রো সেলুলোস, ১১) তেল/ইথার/শিল্প ক্ষেত্রে ব্যবহৃত দ্রাবক এবং ৩২ ডিগ্রী সেন্টিগ্রেড অথবা তার নিচের জ্বলন তাপমাত্রাসহ (ক্লোডজ কাপ টেস্ট), ১২) ৩২ ডিগ্রী সেন্টিগ্রেড অথবা তার নিচের জ্বলন তাপমাত্রাসহ (ক্লোডজ কাপ টেস্ট) দাহ্য ভিত্তিসহ সিল করা টিন বা ড্রামে না রাখা কোন রঙ, ১৩। ৩২ ডিগ্রী সেন্টিগ্রেড অথবা তার নিচের জ্বলন তাপমাত্রাসহ (ক্লোডজ কাপ টেস্ট) দাহ্য ভিত্তিসহ সিল করা টিন বা ড্রামে না রাখা ভার্নিশ, ১৪) সিল করা কোন টিন বা ড্রামে না রাখা সংক্রমণ প্রতিরোধক অথবা কীটনাশক, ১৫) যেকোন প্রকারের উদ্ভিদ তন্তুসমূহ	
১৪। যদি মাল মজুতের স্থান/গুদাম (কারখানা অঞ্চলের বাইরে অবস্থিত) হিসাবে ব্যবহৃত হয় অনুগ্রহ করে মজুতকৃত সামগ্রীসমূহের তালিকা প্রদান করুন	
১৫। যদি কোনা প্রকার শিল্পভিত্তিক গঠনমূলক কার্যস্থাল হিসাবে ব্যবহৃত হয়, প্রস্তাবিত স্থানটিতে (ব্যবহৃতব্য বিভিন্ন প্রকার উপযোগী সামগ্রীর প্রদর্শনসহ ব্লক পরিকল্পনার বিস্তারিত বিবরণ) উৎদিত দ্রব্যসমূহের বিস্তারিত বিবরণ প্রদান করুন।	
১৬। যদি কোন প্রকার শিল্পভিত্তিক গঠনমূলক কার্যস্থান হিসাবে ব্যবহৃত হয়, অনুগ্রহ করে জানান যে কারখানাটি চালু না বন্ধ?	
১৭। অগ্নি নির্বাপক যন্ত্রাদি স্থাপিত	
অনুগ্রহ করে নিচের স্থানটিতে টিক চিহ্ন প্রদান করুন: ক) বিভিন্ন ব্লক এবং বহনযোগ্য অগ্নিনির্বাপক যন্ত্রের প্রকারের তালিকা প্রত্যেক ব্লকের জন্য সুরক্ষা প্রদান	☐ বহনযোগ্য অগ্নিনির্বাপক যন্ত্রসমূহ ☐ ঠেলা গাড়িতে রাখা পাম্প ☐ অগ্নি নির্বাপক পাম্প ☐ হাইড্রেন্ট ব্যবস্থা ☐ জল ছড়ানোর ব্যবস্থা ☐ স্থির জল ছড়ানোর ব্যবস্থা ক্ষতি হ্রাসকরণের পন্ধাসমূহ। সেহেতু ছাড় প্রদান করা

ঝুঁকির বৈশিষ্ট্যগুলি আরও ভালো বোঝার জন্য	
খ) যন্ত্রাদির বাৎসরিক রক্ষনাবেক্ষণের চুক্তিগুলি কার্যকরী কি না তা জানান	হ্যাঁ ☐ না ☐
১৮। (বাড়ি / মেশিন পত্র / আসাবাব পত্র ইত্যাদি)	
ক) বাজার	হ্যাঁ ☐ না ☐
খ) পুনঃসংস্থ	হ্যাঁ ☐ না ☐
গ) কোন আছে কি না	হ্যাঁ ☐ না ☐
১৯। গঠনের বিস্তারিত বিবরণ	
ক। অনুগ্রহ করে ব্যবহৃত সামগ্রীগুলি সম্পর্কে জানান	
১। দেওয়াল	
২। মেঝে	
৩। ছাদ	
খ। বাড়িটির উচ্চতা	মিটার _____ তল _____
গ। বাড়িটির বয়স	৫ বছরের কম ☐ ৫ – ১৫ বছর ☐ ১৫ – ২৫ বছর ☐ ২৫ বছরের অধিক ☐

বীমার জন্য প্রস্তাবিত ভিত্তি

এটি অঙ্গিকারকৃত রাশিটির নির্ধারণ এবং দাবিগুলির নিষ্পত্তির ভিত্তি

আন্ডাররাইটিং

দ্রষ্টব্য: বাড়িটির দেওয়াল এবং/অথবা ছাদটি কাঠের তক্তা / হোগলা পাতা এবং/অথবা ঘাস/যেকোন প্রকারে খড় / বাঁশ / প্লাস্টিকের চাদর / পিচ / কাপড় / ক্যানভাস / ত্রিপল ইত্যাদি দ্বারা নির্মিত হলে সেটিকে "কাঁচা" গঠনের হিসাবে বিশ্বাস করা হবে।

২০। বাড়িভিত্তিক মূল্যসমূহ (অনুগ্রহ করে এই তালিকাটিতে কাঁচা বাড়িটিও অন্তর্ভুক্ত করুন)। প্রত্যেক বাড়ির মূল্য আলাদাভাবে টাকার অংকে প্রদান করুন।

ব্লকের বিবরণ	বয়স (বছর)	উচ্চতা (মিটার)	পাকা/কাঁচা গঠন	প্রতিশ্রুত টাকার অংক				
				থাম সহ বাড়ির মূল্য	যন্ত্রাদি এবং আনুসঙ্গিক সামগ্রী মূল্য	এফ অ্যান্ড এফ, কার্যালয় এবং অন্যান্য যন্ত্রাদিসমূহটাকা	মজুত পন্য এবং প্রক্রিয়ার অন্তর্গত পন্য সমূহ** টাকা	বীমা করণের জন্য অন্যান্য সামগ্রীসমূহটাকা
মোট								

প্রত্যেক ব্লকের বিস্তারিত বিবরণগুলি বিপরীতমূলক বেটিংগুলি প্রদান করবে

দ্রষ্টব্য: ** সেই মজুত সামগ্রীগুলিকে অন্তর্গত করে যেগুলি সাধারণ ভিত্তিতে সুরক্ষিত হয় এবং নিচের ক্রমিক সংখ্যা ক, খ, গ, এবং ঘ-এর অধীন পড়ে না

২১। শুধুমাত্র মজুত দ্রব্যগুলির জন্য বিশেষ সুরক্ষা	
অনুগ্রহ করে নিচের বাক্সটিতে টিক চিহ্ন দিন এবং প্রত্যেকটির বিপরীতে বীমা করণের টাকার অংকটি প্রদান করুন	
ক। ফ্লোটার ভিত্তিতে :	
বিভিন্ন অবস্থানের (প্রক্রিয়াকরণের ব্লকসমূহ, মাল মজুত রাখার স্থান /গুদাম এবং / অথবা উন্মুক্ত স্থান ইত্যাদি) মজুত সামগ্রীসমূহ একটি মাত্র প্রতিশ্রুত রাশির দ্বারা ফ্লোটার ভিত্তিতে সুরক্ষিত করা যায়	
অবস্থানসমূহ (পিন সংখ্যাসহ ডাক ঠিকানা)	টাকার অংক
খ। ঘোষণার ভিত্তিতে :	
যে উপাদানগুলির মূল্য ওঠা-নামা করে সেগুলি (মাসিক) ঘোষণার ভিত্তিতে সুরক্ষিত করা যায় .	
অবস্থাসমূহ (পিন সংখ্যাসহ ডাক ঠিকানা)	টাকার অংক

আচ্ছাদনের ভিত্তির বিকল্পের পছন্দটি প্রস্তাবকের কয়েকটি কর্তব্য সংযোজন করে। দাবি নিষ্পত্তির

দ্রষ্টব্য: সর্বনিম্ন প্রতিশ্রুত অংক ১ কোটি টাকা, এবং স্বল্প মেয়াদের জন্য কোনো বীমাকরণ নয়। প্রক্রিয়ার অন্তর্গত এবং রেলওয়ে সাইডিং-এ মজুতকৃত সামগ্রীসমূহের সুরক্ষা সম্ভবপর নয়।	
গ। ফ্লোটার ঘোষণার ভিত্তিতে:	
একটিই প্রতিশ্রুত টাকার অংকের অধীনস্ত যে মজুত দ্রব্যগুলির মূল্য ওঠা-নামা হয় এবং বিভিন্ন অবস্থানে মজুতকৃত সামগ্রীগুলি (মাসিক) ফ্লোটার ঘোষণার ভিত্তিতে সুরক্ষা করা যায়।	
অবস্থাসমূহ (পিন সংখ্যাসহ ডাক ঠিকানা)	টাকার অংক
দ্রষ্টব্য: ১। সর্বনিম্ন প্রতিশ্রুত অংকটি হল ২ কোটি টাকা ২। প্রক্রিয়ার অন্তর্গত মজুতকৃত সামগ্রীসমূহ এবং রেলওয়ে সাইডিং-এর মজুতকৃত সামগ্রীগুলি সুরক্ষিত করা যাবেনা।	
ঘ। উন্মুক্ত স্থানে মজুতকৃত সামগ্রীসমূহ (কারখানা অঞ্চলের বাইরে অবস্থিত)	
উন্মুক্ত স্থানে মজুতকৃত সামগ্রীসমূহের বিবরণ:	
অবস্থাসমূহ (পিন সংখ্যাসহ ডাক ঠিকানা)	টাকার অংক
	বিশেষ ওয়ারেন্টিসমহ প্রযোজ্য হবে
ঙ। ট্যাঙ্ক ফার্ম এবং গ্যাস ধারকসমূহ (কারখানা অঞ্চলের বাইরে অবস্থিত)	
উন্মুক্ত স্থানে মজুতকৃত সামগ্রীসমূহের বিবরণ:	
অবস্থাসমূহ (পিন সংখ্যাসহ ডাক ঠিকানা)	টাকার অংক
	আচ্ছাদনের ঝুঁকি এবং সম্পদের রেটিং

আপনি কি ঐচ্ছিক বিয়োগযোগ্যগুলির জন্য ছাড় প্রাপ্ত হতে চান	হ্যাঁ ☐ না ☐
যদি উত্তরটি হ্যাঁ হয়, বিয়োগযোগ্য টাকার অংকের পছন্দটি চিহ্নিত করুন	টাকা

ঘোষণা

চূড়ান্ত ভাল বিশ্বাসের নীতি

আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে এই প্রস্তাবের ফর্মটিতে আমার/আমাদের দ্বারা উল্লেখিত বক্তব্যসমূহ আমার/আমাদের জ্ঞাতসারে সর্বৈব সত্য এবং আমি/আমরা এতদ্বারা স্বীকৃত হচ্ছি যে এই ঘোষণাটি আমার/আমাদের এবং _____-এর মধ্যে চুক্তিটির ভিত্তি হবে।

এই প্রস্তাবের ফর্মটি জমা করার পরে কোন প্রকার সংযোজন অথবা সংশোধন সংঘটিত হলে, সেটি বীমাকারীর নিকট তাত্ক্ষণিকভাবে সূচীত করা হবে।

তারিখ :

স্থান :

প্রস্তাবকের স্বাক্ষর এবং কোম্পানীর সিলমোহর

প্রতিনিধির সুপারিশ:

নিম্নলিখিতটি বীমা আইন ১৯৩৮-এর ৪১ নং ধারার অনুলিপি

ছাড়ের উপর নিষেধাজ্ঞা

১। ভারতবর্ষে জীবন অথবা সম্পত্তি সম্পর্কিত কোন প্রকার ঝুঁকির বিরুদ্ধে একটি বীমা নেওয়ার জন্য অথবা নবীকরণের জন্য অথবা চালিয়ে যাওয়ার জন্য কোন ব্যক্তির প্রতি আগ্রহব্যাঞ্জকরূপে প্রত্যক্ষভাবে কোন ব্যক্তি কোন প্রকার ছাড়অথবা সম্পূর্ণ কমিশনের অথবা তার কোন অংশের অথবা পলিসিতে প্রদর্শিত প্রদেয় প্রিমিয়ামের ছাড় অনুমোদন করবেন না অথবা অনুমোদনের জন্য প্রস্তাব করবে না এবং কোন ব্যক্তি একটি পলিসি গ্রহণ করছেন অথবা নবীকরণ করছেন অথবা চালিয়ে যাচ্ছেন সেটির জন্যও বীমাকারীর প্রকাশিত পরিচায়ক পুস্তিকাতে অথবা টেবিলগুলিতে প্রদত্ত অনুসারে যেটি অনুমোদিত হতে পারে সেই ছাড়টি ব্যতীত কোন প্রকার ছাড় প্রদান করবেন না।

২। এই ধারাটির সংস্থানটির প্রতি মান্যতা প্রদানে ব্যর্থ যেকোন ব্যক্তি একটি জরিমানা দ্বারা শাস্তিযোগ্য, যেটি ৫০০ টাকা পর্যন্ত সম্প্রসারিত হতে পারে।

অধ্যায় 24

প্রিমিয়াম নির্ধারণের তত্ত্ব এবং অভ্যাস

অধ্যয় উপস্থাপনা

এই অধ্যয়টিতে আপনারা আন্ডাররাইটিং দায় স্বীকার এবং হার নির্ধারণ করা সম্পর্কে প্রাথমিক বিষয়গুলি শিখবেন। আপনারা ঝুঁকি নির্ধারণ প্রক্রিয়ার অন্তর্গত বিপদগুলি পরিচালনার বিভিন্ন পন্থাসমূহ সম্পর্কে শিখতে পারবেন। আপনারা বিভিন্ন প্রকার বীমা পলিসির জন্য "প্রতিশ্রুত বীমা রাশি"-টি কিভাবে নির্ধারিত করা হবে তা শিখবেন।

পাঠ্যসূচি

A. দায় স্বীকারের প্রাথমিক ধারনাসমূহ
B. হার নির্ধারণের প্রাথমিক ধারণাসমূহ
C. হারের উপাদানসমূহ
D. প্রতিশ্রুত বীমা রাশি

এই অধ্যয়টি পাঠ করার পর, আপনারা নিচের গুলি করতে সমর্থ হবেন:

1. দায় স্বীকারের প্রাথমিক বিষয়গুলির সংজ্ঞা প্রদান
2. হার নির্ধারণের প্রাথমিক বিষয়গুলির বিশ্লেষণ
3. বিভিন্ন প্রকার পলিসির জন্য 'প্রতিশ্রুত বীমা রাশি'-র নির্ধারণ

A. *দায় স্বীকারের প্রাথমিক বিষয়সমূহ*

পূর্ববর্তী অধ্যায়গুলিতে আমরা দেখেছি যে বীমার ধারণাটি একত্রিকরণের মাধ্যমে ঝুঁকি পরিচালনের বিষয়টির উদ্রেক করে। বীমাকারীগণ বহু সংখ্যক ব্যক্তিবিশেষ / ব্যবাসায়িক / শিল্পভিত্তিক সংস্থা / সংগঠনসমূহ দ্বারা প্রদত্ত প্রিমিয়ামের একটি একত্রিত তহবিল সৃষ্টি করেন।

প্রত্যেকের দ্বারা প্রদেয় প্রিমিয়ামটি একটি হারের উপর নির্ভরশীল, যেটি দুটি উপাদানের দ্বারা নির্ধারিত হয়;

- ✓ একটি ক্ষতিকারক ঘটনার জন্য একটি ক্ষতির সম্ভাবনা (একটি বীমাকৃত বিপদের কারণে) এবং
- ✓ ক্ষতিকারক ঘটনাটির কারণে উদ্ভুত ক্ষতির ধারণাগত পরিমাণটি

উদাহরণ

ধরে নিন একটি অগ্নিকান্ডের ফলে ক্ষতির ধারণাগত পরিমাণ ১০০০০০ টাকা (যেটিকে আমরা **L** নাম দিলাম)

ক্ষতির (**P** দ্বারা বোঝানো হয়) সম্ভাবনার গড় বা মধ্যক ছিল ১০০-এর মধ্যে ১ (অথবা ০.০১)।

তাহলে প্রত্যাশিত ক্ষতির গড় অথবা মধ্যকটি এই সমীকরণটি দ্বারা প্রকাশ করা যাবে **= L x P =** ০.০১ **x** ১০০০০০ **=** ১০০০

কিভাবে একজন বীমাকারী নিশ্চিত করবেন যে প্রকৃতপক্ষে হওয়া ক্ষতিগুলি পূরণের জন্য একত্রিত তহবিলটি যথেষ্ট?

আমরা পূর্বে যা দেখেছি, সম্পূর্ণ বীমা কৌশলটি একটি বৃহৎ সংখ্যক পরিসংখ্যানগতভাবে একই প্রকার ঝুঁকির একত্রিকরণকে বিজড়িত করে যাতেবৃহৎ সংখ্যার নীতিটি কার্যকরী হয় এবং ক্ষতির সম্ভাবনার সংখ্যাটি (পৌনঃপুনিকতা) এবং ক্ষতির বিস্তারটি (তীব্রতা) পূর্বাভাসযোগ্য হয়।

সমস্যাটি হল সকল উন্মুক্ততাগুলি একই প্রকার হয় না। একটি সম্পূর্ণরূপে একই প্রকার ('অভিন্ন') ঝুঁকির একত্রিকরণ বাস্তবিকভাবে খুবই সামান্য হতে পারে।

উদাহরণস্বরূপ, আপনারা এমন কতগুলি বাড়ি খুঁজে পেতে পারেন যেগুলি সম্পূর্ণরূপে একই প্রকার এবং বাহ্যিক পরিবেশে সম্পূর্ণরূপে একই স্থানে অবস্থিত? অধিক সংখ্যায় নয়।

একত্রিত তহবিলটির আকৃতি যত বৃদ্ধি পাবে, ততই ভিন্নতর প্রকারের ঝুঁকিগুলি, যেগুলি একই অথবা একই প্রকার বিপদের সম্মুখীন, অন্তর্ভুক্তির সম্ভাবনা বৃদ্ধি পাবে। এই প্রকার ক্ষেত্রটিতে বীমাকারী একটি উভয়সংকটযুক্ত অবস্থার সম্মুখীন হন।

কিভাবে, ঝুঁকিগুলি আরও অধিকমাত্রায় পূর্বাভাসযোগ্য হয়ে ওঠে এবং একই সময় তহবিলটিতে পর্যাপ্ত পরিমাণে একই ধরণের এবং একই প্রকার ঝুঁকি অন্তর্ভুক্ত করে এমন একটি যথেষ্ট বৃহৎ একত্রিত তহবিল সৃষ্টি করা যায় ?

বীমাকারীরা এই সমস্যাটির একটি সমাধান খুঁজে পেয়েছেন।

তাঁরা একটি বিশালাকারবৃহৎ তহবিল গঠন করেছেন, এবং একই সঙ্গে সেটির অন্তর্গত উপ-তহবিল গঠন করেছেন এবং প্রত্যেক ঝুঁকিকে ভিন্ন ভিন্ন উপ-তহবিলের অন্তর্গত করেছেন। উপ-তহবিলগুলি, ঝুঁকিগুলিরমাত্রার ভিন্নতার ভিত্তিতে বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করা হয়েছে।

উদাহরণ

একটি সম্পত্তি বীমার ক্ষেত্রে ,একটি কাষ্ঠনির্মিত কাঠামোয় অগ্নিকান্ডের সম্ভাবনাসমূহ একটি পাথরের কাঠামোর থেকে অধিক;সেহেতু ,কাষ্ঠনির্মিত কাঠামোটির বীমার জন্য অধিক প্রিমিয়ামের প্রয়োজন।

স্বাস্থ্যবীমারক্ষেত্রেও একই নীতি প্রযুক্ত হয়। উচ্চরক্তচাপ অথবা ডায়াবিটিসে আক্রান্ত একজন ব্যক্তির হৃদরোগের সম্ভাবনাও উচ্চ।

কোন একটি অসুস্থতার চিকিত্সার জন্য প্রয়োজনীয় খরচগুলি বিবেচনা করুন। একজন উচ্চরক্তচাপযুক্ত এবং ডায়াবিটিসযুক্ত ব্যক্তির এবং সুস্বাস্থ্যযুক্ত একজনব্যক্তির ঝুঁকিগুলি ভিন্নতর হবে।

হার নির্ধারণের ক্ষেত্রে ঝুঁকির এই প্রকার বিভাজন এবং সেগুলির শ্রেণীকরণ গুরুত্বপূর্ণ।

a. **দায় স্বীকারের প্রাথমিক ধারণা সমূহ**

সংজ্ঞা

দায় স্বীকারের প্রক্রিয়াটি হল বীমার জন্য প্রস্তাবটি গৃহীত হবে কি না তা নির্ধারণ করা, এবং যদি তা করা হয়, কোন শর্তাবলী, কোন হারে, বীমা সুরক্ষা গৃহীত হবে।

দায় স্বীকার, একটি প্রকৌশলগত অর্থে, নিম্নলিখিত ধাপগুলির দ্বারা সংগঠিত হয়:

i. বিপদ এবং ক্ষতির পৌনঃপুনিকতার সংখ্যা এবং তীব্রতার পরিমাপকরণ এবং মূল্যায়ন
ii. পলিসির অন্তর্গত সুরক্ষা এবং শর্তাবলীর পরিগণনাকরন
iii. প্রিমিয়ামের হারের নির্দিষ্টকরণ

দায় স্বীকারকারী প্রথমেই সিদ্ধান্ত গ্রহণ করেন যে ঝুঁকিটি গৃহীত হবে কি না।

পরবর্তী ধাপটি হল হার এবং শর্তাবলী, যেগুলির অধীনে ঝুঁকিটি গৃহীত হবে।

দায় স্বীকারের দক্ষতাটি পর্যাপ্ত প্রশিক্ষণ, কর্মক্ষেত্রে উন্মুক্ততা এবং গভীর অন্তর্দৃষ্টিসহ ক্রমাগত বিদ্যার্জন প্রক্রিয়ার মাধ্যমে আত্মস্থ করা যায়। অগ্নিকান্ড বিষয়ক আন্ডাররাইটার হওয়ার জন্য একজন ব্যক্তির অগ্নিকান্ডের সম্ভাব্য কারণগুলি, বিভিন্ন প্রকার সামগ্রী এবং সম্পত্তির উপর অগ্নিকান্ডের প্রভাব, কোন একটি শিল্পে ব্যবহৃত প্রক্রিয়াসমূহ, ভূগোল, আবহাওয়া ইত্যাদি বিষয় সম্পর্কে সম্যক জ্ঞান অর্জনের প্রয়োজন।

একইভাবে, একজন সামুদ্রিক বীমা আন্ডাররাইটারের আবশ্যিকভাবে, বন্দর/রাস্তার অবস্থা, পরিবহণকালে অথবা গুদামজাত অবস্থায় মাল/সামগ্রী, জাহাজগুলি দ্বারা সম্মুখীন হওয়া সমস্যাসমূহ ও সেগুলির সমুদ্রযাত্রার পক্ষে উপযুক্ততা ইত্যাদি বিষয় সম্পর্কে ওয়াকিবহাল হওয়া প্রয়োজন।

একজন স্বাস্থ্যবীমা ক্ষেত্রের আন্ডাররাইটারের, বীমা প্রস্তাবকের ঝুঁকির প্রতি উন্মুক্ততা, বয়স, চিকিত্সাগত বিষয়সমূহ, শারীরিক উপযুক্ততার স্তর, পারিবারিক ইতিহাস এবং ঝুঁকির উপর প্রভাব বিস্তারকারী সকল উপাদানের পরিমাপগুলি অনুধাবন করা প্রয়োজন।

a) **আন্ডাররাইটিং, ইকুইটি এবং ব্যবসায়িক স্থায়ীত্ব**

সকল ঝুঁকিই সমপরিমাণ নয়, এই সরল সত্যটি থেকেই বীমা ক্ষেত্রে সতর্ক আন্ডাররাইটিং এবং ঝুঁকির শ্রেণীকরণের প্রয়োজনীয়তাটি উদ্ভুত হয়। তাই প্রত্যেক ঝুঁকিরই, ক্ষতিকর ঘটনাটি ঘটার এবং সেটির তীব্রতার ভিত্তিতে উপযুক্তভাবে পরিমাপকরণ এবং মূল্যায়নের প্রয়োজন আছে।

যেহুতু সকল ঝুঁকিগুলিই সমান নয়, সেহেতু, সকল বীমা গ্রাহককে সমপরিমাণ প্রিমিয়াম প্রদান করতে বলা সামঞ্জস্যপূর্ণ নয়।আন্ডাররাইটিং-এর উদ্দেশ্যটি হল ঝুঁকির শ্রেণীকরণ যাতে, সেগুলির চারিত্রিক বৈশিষ্ট্য এবং উপস্থাপিত ঝুঁকির স্তরের ভিত্তিতে প্রিমিয়ামের একটি উপযুক্ত হার প্রয়োগ করা যায়।

প্রত্যেক বীমাকারীর তার বর্তমান পলিসি ধারকদের প্রতি, বিদ্যমান পলিসির অন্তর্ভুক্ত চুক্তিভিত্তিক দায়গুলি পূরণের জন্য তাঁদের সামর্থ থাকে সেটি নিশ্চিত করার একটি দায়িত্ব থাকে। যদি বীমাকারী এমন ঝুঁকিগুলির জন্য পলিসি প্রদান করেন যেগুলি বীমাযোগ্য নয় অথবা ঝুঁকিগুলিরসুরক্ষার জন্য প্রয়োজনীয়ের তুলনায় খুবই কম প্রিমিয়াম ধার্য করেন, তাহলে সেটি বীমাকারীর চুক্তিভিত্তিক দায়গুলি পূরণের সক্ষমতাটিকে সংকটাপন্ন করে তোলার ফলস্বরূপ হবে।

অন্য দিকে, একজন বীমাকারী, যিনি সেই ঝুঁকিগুলির জন্য অতি উচ্চ হার ধার্য করতে চান যেগুলির সেই প্রকার উচ্চ হার হওয়া উচিত নয়, তাঁর ব্যবসাটিকে অপ্রতিযোগিতামূলক এবং অদীর্ঘস্থায়ীরূপে পেতে পারেন। তাই, সামঞ্জস্য এবং স্থায়ীত্বের স্বার্থে, আন্ডাররাইটিং-এর প্রক্রিয়াটি নিখুঁতভাবে অনুসৃত হওয়া উচিত।

আন্ডাররাইটিং-এর প্রধান বৈশিষ্ট্যগুলি হল নিম্ন প্রকার

i. চারিত্রিক বৈশিষ্ট্যের ভিত্তিতে ঝুঁকির চিহ্নিতকরণ করা

ii. প্রস্তাবক দ্বারা উপস্থাপিত ঝুঁকির স্তরটি নির্ধারণ করা

iii. বীমা ব্যবসাটিসঠিকভাবে পরিচালিত করা

সংক্ষেপে, আন্ডাররাইটিং-এর উদ্দেশ্যটি প্রিমিয়ামের গ্রহণযোগ্যতা, পর্যাপ্ততা এবং অন্যান্য শর্তাবলী নির্ধারণের মাধ্যমে পূরণ হয়।

নিজেকে পরীক্ষা করুন **1**

বীমার হার নির্ধারণকারী দুটি উপাদান চিহ্নিত করুন।

I. ঝুঁকির সম্ভাব্যতা এবং তীব্রতা
II. ঝুঁকির সূত্র এবং প্রকৃতি
III. ঝুঁকির সূত্র এবং সময়
IV. ঝুঁকির প্রকৃতি এবং প্রভাব

B. *হার নির্ধারণের প্রাথমিক ধারণাসমূহ*

বীমাকারীর ঝুঁকির স্থানান্তরণের উপর বীমা নির্ভরশীল। একটি বীমা পলিসি ক্রয়ের মধ্যে, বীমাকৃত ব্যক্তি একটি বিপদ থেকে উদ্ভুত, যেটির বিরুদ্ধে সম্পত্তিটির বীমাকরণ করা হয়েছে, আর্থিক ক্ষতির প্রভাবটি হ্রাস করতে সমর্থ হয়।

উদাহরণ

যদি কোন ব্যক্তি একটি গাড়ি চালান, সেখানে দুর্ঘটনার জন্য সেটির ক্ষতি হতে পারে। যদি মালিকের মোটরযান বীমা থাকে, গাড়িটির ক্ষতি হওয়ার ঘটনায়, বীমা কোম্পানী সারাইয়ের জন্য অর্থ প্রদান করবে।

বীমা কোম্পানীর, একটি লাভ অন্তর্ভূক্ত করে বীমার ভবিষ্যত দাবি এবং খরচগুলির জন্য সুরক্ষা প্রদানের মূল্য গণনা করার একটি প্রক্রিয়ার প্রয়োজন। এটিকেই হার নির্ধারণ বলা হয়।

'হার' হল বীমার একটি প্রদত্ত এককেরমূল্য।

উদাহরণস্বরূপ, একটি হারকে, একটি ভূমিকম্প সুরক্ষা মূল্য ১.০০ টাকা প্রতি মিলি, এই আকারে প্রকাশ করা যায়। (1 মিলি =1/1000)

হারগুলি ক্ষতির সম্ভাবনা এবং সম্ভাব্য পরিমাপ অনুসারে ভিন্নতর হতে পারে। অতীত প্রবণতা এবং বর্তমান পরিবেশের পরিবর্তনসমূহ, যেগুলি ভবিষ্যতে সম্ভাব্য ক্ষতিগুলিকে প্রভাবিত করতে পারে, এই বিচারের পরেই প্রত্যেক হার প্রতিষ্ঠিত হয়।

উদাহরণ

ভূমিকম্প বীমার জন্য উপরের উদারহণটি দেখুন, ধার্যকৃত হারটি, একটি কংক্রিট নির্মিত কাঠামোর তুলনায় ভূমিকম্প স্থলের নিকটবর্তী এবং ইট দিয়ে তৈরী একটি বাড়ির জন্য, যেটি ক্ষতির সম্ভাবনা অধিক।

একটি স্বাস্থ্যবীমার উদাহরণ নেওয়া যাক, ঝুঁকির প্রত্যেক উপাদানের সংখ্যা এবং শতকরাভিত্তিক মূল্যায়ন করা হয়। পূর্বনির্ধারিত পরিমাপকের ভিত্তিতে বয়স, জাতি, পেশা, অভ্যাস ইত্যাদি উপাদানসমূহের পরীক্ষা এবং সংখ্যা প্রদানের মাধ্যমে মূল্যায়ন করা হয়।

মনে রাখবেন যে হারগুলিই প্রিমিয়াম নয়।

প্রিমিয়াম = (**প্রতিশ্রুত বীমা রাশি**) x (**হার**)

1. **হারের উদ্দেশ্যসমূহ**

হার নির্ধারণের প্রাথমিক উদ্দেশ্য হল, বীমাকারী এবং বীমাকৃত উভয়ের দৃষ্টিকোণ থেকে বীমার মূল্যটির পর্যাপ্ততা এবং যৌক্তিকতা নিশ্চিত করা।

বীমাকারীর দৃষ্টিকোণ থেকে, এর অর্থ হল সামগ্রীকভাবে হারগুলি, দাবি, খরচ এবং কর ইত্যাদি এবং একটি ধ্বংসাত্মক ঘটনা এবং লাভের জন্য অবশ্যই একটি পর্যাপ্ত সংস্থান হতে হবে।

বীমাকৃতের দৃষ্টিকোণ থেকে, যুক্তিপূর্ণ হারের অর্থ হল একজন ব্যক্তির, যুক্তিসংগত খরচসমূহ, একটি ধ্বংসাত্মক ঘটনা, এবং লাভ অন্তর্ভুক্ত করে বিজড়িত ঝুঁকিগুলি সুরক্ষার প্রয়োজনে পর্যাপ্ত অংকের আর্থিক মূল্য প্রদানের প্রয়োজন হবে না।

অগ্নিবীমার হারগুলি যুক্তিসংগত হিসাবে বিবেচিত হতে পারে যদি সেগুলি সকল প্রকার গুরুত্বপূর্ণ উপাদাসমূহ, যেগুলি ঝুঁকিটিকে প্রভাবিত করে কিন্তু অপ্রধান উপাদানগুলিকে অবজ্ঞা করে, যেগুলি সামগ্রীকভাবে অনুমানকৃত হারটির ক্ষেত্রে একটি সামান্য ভিন্নতার কারণ হতে পারে।

2. **প্রিমিয়ামের হার নির্ধারণ**

অতীতের ক্ষতির অভিজ্ঞতাগুলির ভিত্তিতে প্রিমিয়ামের বিশুদ্ধ হারটি নির্ধারিত হয়। তাই, হার গণনার জন্য অতীত ক্ষতি সম্পর্কিত পরিসংখ্যানগত তথ্যসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

হার নির্ধারণের জন্য, ঝুঁকিগুলির প্রতি একটি 'গাণিতিক মান' প্রদান প্রয়োজনীয়।

উদাহরণ

ধরে নেওয়া যাক, যদি একটি ১০ বছরের সময়কালের জন্য একটি বৃহৎ সংখ্যক মোটর সাইকেলের জন্য ক্ষতির অভিজ্ঞতাগুলি সংগ্রহ করা হয়, আমরা ক্ষতিগ্রস্ত গাড়িগুলির জন্য মোট লোকসানটি পাব। আমরা, এই লোকসানের রাশিটিকে মোটর সাইকেলের মোট মূল্যের একটি শতকরা হিসাবে প্রকাশের মাধ্যমে ক্ষতির 'গাণিতিক মান'-টি নির্ধারিত করতে পারি। এটি নিচে প্রদত্ত ফর্ম্যুলার দ্বারা প্রকাশ করা যায়:

$$M = \frac{L}{V} \times ১০০$$

মোট ক্ষতিটিকে **L** দ্বারা বোঝানো হয় এবং সকল মোটর সাইকেলগুলির মোট মূল্যটিকে **V** দ্বারা বোঝানো হয়

ধরে নেওয়া যাক :

- ✓ একটি মোটর সাইকেলের মূল্য ৫০,০০০/- টাকা
- ✓ ক্ষতির অভিজ্ঞতা : ১০ বছরে ১০০০ টি মোটর সাইকেলের মধ্যে ৫০ মোটর সাইকেল চুরি হয়ে গেছে
- ✓ একটি গড় হিসাবে, চুরির কারণে প্রতি বছর মোট ক্ষতির পরিমাণ হয় পাঁচটি মোটর সাইকেল।

ফর্ম্যুলাটির প্রয়োগে, ফলাফলটি হবে:

ক্ষতিসমূহ (৫০,০০০ টাকা **x** ৫) **=** ২,৫০,০০০ টাকা

মূল্য (৫০,০০০ টাকা **x** ১০০০) **=** ৫,০০,০০,০০০ টাকা

এর অর্থ হল যে (**L / V) x** ১০০ **=** (২,৫০,০০০ **/** ৫,০০,০০,০০০) **x** ১০০ **=** ০.৫%

সেহেতু, একজন মোটর সাইকেল মালিক যে হারে প্রিমিয়াম প্রদান করেন সেটি ৫০,০০০/- টাকার শতকরা ০.৫ ভাগ অর্থাৎ প্রতি বছরে ২৫০/- টাকা। এটিকেই বলা হয় 'বিশুদ্ধ' প্রিমিয়াম।

২৫০/- টাকা প্রতি সাইকেল হারে, সংগৃহীত ২.৫ লক্ষ টাকা ৫টি গাড়ির ক্ষতির জন্য দাবি পূরণের জন্য ব্যয় হয়।

যদি, উপরে নির্ধারিত, বিশুদ্ধ প্রিমিয়ামটি সংগৃহীত হয়, সেটি শুধুমাত্র ক্ষতিগুলি পূরণের জন্য যথেষ্ট হবে।

উপরের উদাহরণটিতে আমরা দেখলাম যে এক্ষেত্রে কোন প্রকার উদ্বৃত্ত নেই। কিন্তু বীমা প্রক্রিয়াগুলি কিছু প্রকার পরিচালনগত খরচও বিজড়িত থাকে (নিয়ন্ত্রণগত খরচসমূহ) এবং ব্যবসা আনয়নের খরচসমূহ (প্রতিনিধিত্বের কমিশন)। অপ্রত্যাশিত বৃহৎ ক্ষতিগুলির জন্যও কিছু উদ্বৃত্তের সংস্থান রাখা প্রয়োজন।

চূড়ান্তভাবে, যেহেতু বীমা লেনদেনগুলি, অন্য যেকোন প্রকার ব্যবসায়ের ন্যায় ব্যবসায়িক ভিত্তিত সংঘটিত হয়, সুতরাং লাভের জন্য একটি ফারাকের সংস্থান রাখা প্রয়োজন যেটি ব্যবসায়টিতে বিনিয়োগকৃত মূলধণের একটি প্রত্যার্পণ।

সেহেতু, 'বিশুদ্ধ প্রিমিয়াম'-টি, শতকরা ভাগ হিসাবে খরচ, সংস্থান এবং লাভ সংযোজনের দ্বারা উপযুক্তভাবে ভারযুক্ত বা বৃদ্ধি করা হয়।

প্রিমিয়ামের চূড়ান্ত হারটি নিম্নলিখিত উপাদানগুলি দ্বারা গঠিত হবে:

- ✓ ক্ষতির জন্য অর্থ প্রদানসমূহ
- ✓ ক্ষতিজনিত খরচসমূহ (যেমন, পর্যবেক্ষণের খরচগুলি)
- ✓ প্রতিনিধিত্বমূলক কমিশন
- ✓ পরিচালন খরচসমূহ
- ✓ অপ্রত্যাশিত বৃহৎ ক্ষতির জন্য সংস্থান, যেমন, কল্পিত ৫ টির বিপরীতে ৭টি মোট ক্ষতি
- ✓ লাভের জন্য উদ্বৃত্ত

অভিজ্ঞতার কালটি সতর্কভাবে নির্বাচন করা প্রয়োজন। সাম্প্রতিকতম ক্ষতির অভিজ্ঞতার কালটিই ব্যবহার করা উচিত। নির্বাচিত সময়কালটিতে পর্যাপ্ত পরিমাণে ক্ষতির অভিজ্ঞতা সম্পর্কিত তথ্য থাকা আবশ্যিক যাতে ফলাফলটিতে প্রয়োজনীয় পরিসংখ্যানগত গুরুত্ব এবং বিশ্বাসযোগ্যতা থাকে। চূড়ান্তভাবে যেহেতু ব্যবসাটি সামগ্রীক ধ্বংসমূলক ক্ষতির বিষয়বস্তু, অভিজ্ঞতার কালটিকে আবশ্যিকভাবে গড় ধ্বংসমূলক ঘটনার প্রতিনিধিত্ব করা উচিত।

হারের সকল প্রকার প্রাসঙ্গিক উপাদানগুলিকে বিবেচনা করে, একজন নিশ্চিত করতে পারেন যে হারগুলি অপর্যাপ্ত, অতিরিক্ত অথবা একই প্রকার এবং মানের ঝুঁকির জন্য অন্যায়ভাবে পক্ষপাতিত্বমূলক নয়।

নিজেকে পরীক্ষা করুন **2**

বিশুদ্ধ প্রিমিয়াম কি?

I. প্রিমিয়ামটি শুধুমাত্র ক্ষতিপূরণ প্রদানের জন্যই যথেষ্টভাবে বৃহৎ

II. প্রিমিয়ামটি সমাজের প্রান্তিক সদস্যদের প্রতি প্রয়োগযোগ্য

III. পরিচালনগত খরচসমূহের ভারযুক্ত হওয়ার পরের প্রিমিয়ামটি

IV. প্রিমিয়ামটি সাম্প্রতিকতম ক্ষতির অভিজ্ঞতা কালটির ভিত্তিতে নির্ধারিত

C. *হারের উপাদান সমূহ*

সেই সকল প্রাসঙ্গিক উপাদানসমূহ যেগুলি হারের সঙ্গে সংযোজনের জন্য এবং হারের পরিকল্পনা করার জন্য ব্যবহৃত হয় সেগুলিকে হার নির্ধারণের উপাদান হিসাবে উল্লেখিত। বীমাকারীগণ ঝুঁকির নির্ধারণ এবং কোন মূল্যটি তাঁরা ধার্য করবেন সেটি স্থির করার জন্য 'হার নির্ণয়ের উপাদানসমূহ' ব্যবহার করেন।

- ✓ বীমাকারী একটি ভিত্তিমূলক হার প্রতিষ্ঠার জন্য প্রথমেই তাঁর মূল্যায়ন ব্যবহার করেন
- ✓ বীমাকারী তারপর এই হারটি, ইতিবাচক বৈশিষ্ট্য যেমন ঝুঁকিযুক্ত সম্পত্তিটিতে উত্কৃষ্ট অগ্নি সুরক্ষা ব্যবস্থা এবং নেতিবাচক, বৈশিষ্ট্যগুলির জন্য প্রযুক্ত লোডিংসমূহ যেমন যানবাহনের ক্ষেত্রে অপ্রত্যয়যুক্ত চালক ইত্যাদি প্রযুক্ত ছাড়গুলি সমেত কার্যকরে করবেন।

গুরুত্বপূর্ণ

আন্ডাররাইটিং-এর জন্য তথ্যের সংস্থানসমূহ

যেকোন সাংখ্যিক (অথবা পরিসংখ্যানগত) বিশ্লেষণের জন্য সর্বপ্রথম স্তরটি হল তথ্য সংগ্রহ। যখন একটি ঝুঁকির মূল্য নির্ধারণ করা হচ্ছে, একজন আন্ডাররাইটারের উচিত সম্পূর্ণ সঠিক মূল্যায়নের জন্য যত অধিক সম্ভব তথ্য সংগ্রহ করা।

তথ্যের সূত্রগুলি হল :

i. **প্রস্তাবের ফর্ম অথবা আন্ডাররাইটিং উপস্থাপনা**

ii. **ঝুঁকির পর্যবেক্ষণ**

iii. **দাবি অভিজ্ঞতার ঐতিহাসিক পরিসংখ্যানসমূহ :** কিছু শ্রেণীর, যেমন ব্যক্তিভিত্তিক এবং মোটরযানভিত্তিক ব্যবসায়ের ক্ষেত্রে, আন্ডাররাইটারগণ অভিজ্ঞতাসমূহ এবং অতীত অভিজ্ঞতার পরিসং খ্যানসমূহেরভিত্তিতে সম্ভাব্য ভবিষ্যত অভিজ্ঞতাসমূহকে বিচার করেই একটি উপযুক্ত প্রিমিয়াম স্থির করেন।

মূল্য নির্ধারণ প্রক্রিয়ায় অভিজ্ঞতার দাবির সম্পূর্ণ সঠিক ব্যাখ্যা এবং কার্যকরী ব্যবহারটি গুরুত্বপূর্ণ। ধ্বংসাত্মক ক্ষতিগুলির ভবিষ্যদ্বাণী করা সম্ভব হয়না এবং সেগুলির প্রকৃতিগত পৌনঃপুনিকতা কম। তাই, পরিসংখ্যানগত তথ্যগুলি গণনার ভিত্তি হিসাবে সর্বদা উপলব্ধ অথবা অর্থপূর্ণ হয়না। (আধুনিক কমপিউটার ব্যবস্থার বিকাশের ফলে বর্তমান যুগে প্রাকৃতিক ধ্বংসাত্মক ঘটনাগুলি সম্ভাব্য প্রভাবগুলি পরিমাপের জন্য বিভিন্ন প্রকার সিম্যুলেশন মডেলের ব্যবহার করা হয়)।

---

1. **বিপদ**

বীমার ভাষায় বিপদ শব্দটি সেই অবস্থা অথবা ধর্ম অথবা চারিত্রিক বৈশিষ্ট্যসমূহ, যেগুলি কোন একটি প্রদত্ত বিপদ থেকে ক্ষতির সম্ভাবনা সৃষ্টি অথবা বৃদ্ধি করে, প্রতি উল্লেখ করে। বিভিন্ন প্রকার বিপদ, যেগুলির দ্বারা সম্পত্তিসমূহ অথবা ব্যক্তিবর্গ উন্মুক্ত হতে পারেন সেগুলি সম্পর্কে একটি সুগভীর জ্ঞানআন্ডাররাইটিং-এর জন্য অপরিহার্য।

বিপদগুলি শারীরিক এবং নৈতিক এই দুই প্রকারে বিভক্ত করা যায়। শারীরিক বিপদযা বীমার বিষয়বস্তু বাস্তব আকার সম্পন্ন ঝুঁকিগুলির প্রতি উল্লেখ করে, অন্যদিকে নৈতিক সাধারণ অর্থনৈতিক

এবং সামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে উদ্ভূত মানুষের দুর্বলতা যথা অসসতা, অসাবধানতা ইত্যাদি পরিচালন স্তরে হার নির্ধারণের প্রক্রিয়াটি শারীরিক এবং নৈতিক বিপদগুলির মূল্যায়নকে বিজড়িত করে।

2. **শারীরিক বিপদসমূহ**

একটি প্রস্তাবের ফর্মে প্রদত্ত তথ্যের ভিত্তিতে শারীরিক বিপদটি নির্ধারণ করা সম্ভব হতে পারে। ঝুঁকিটিকে একটি পর্যবেক্ষণ অথবা পরিদর্শনের মাধ্যমে আরও উত্তমরূপে নির্ধারণ করা যায়। নিচে বিভিন্ন প্রকার বীমা সম্বন্ধীয় শারীরিক বিপদের কয়েকটি উদাহরণ প্রদান করা হল।

a) **অগ্নি**

i. **নির্মাণ**

নির্মাণ, দেওয়াল এবং ছাদ গঠনের প্রক্রিয়ায় ব্যবহৃত সামগ্রীগুলির প্রতি উল্লেখ করে। একটি কাঠের বাড়ির তুলনায় একটি কংক্রিটের বাড়ি উত্কৃষ্টতর।

ii. **উচ্চতা**

বাড়ির তলের সংখ্যা যতই অধিক হবে, অগ্নিনির্বাপনে অসুবিধার কারণে বিপদটি ততই অধিক হবে। এছাড়াও, অধিক সংখ্যক তলের ক্ষেত্রে বৃহৎ চাপজনিত ক্ষতির কারণ সৃষ্টিকারী ধ্বসে পড়ার ঝুঁকিটি জড়িয়ে থাকে।

iii. **মেঝে ব্যবস্থার প্রকৃতি**

কাঠের মেঝেগুলি অগ্নিতে জ্বালানী সরবরাহের কাজ করে। এছাড়াও, অগ্নিকান্ডের ক্ষেত্রগুলিতে কাঠের মেঝেগুলি ধ্বসে গিয়ে উপরের তলগুলির যন্ত্রাদি এবং জিনিসপত্র পতিত হয়ে নিচের তলের সম্পত্তিসমূহের ক্ষতির কারণ হয়।

iv. **অধিকারস্বত্ব**

একটি বাড়ির অধিকারস্বত্ব, এবং বাড়ি ব্যবহারের উদ্দেশ্য। অধিকারীর কারণে বিভিন্ন প্রকার বিপদের সৃষ্টি হয়।

v. **অগ্নিস্ফুলিঙ্গজনিত বিপদ**

যে বাড়িগুলিতে রসায়নিক দ্রব্যসমূহ উত্পাদিত হয় অথবা অধিক পরিমাণে ব্যবহৃত হয় সেগুলি উল্লেখযোগ্য অগ্নিস্ফুলিঙ্গজনিত বিপদের সম্ভাবনা জড়িয়ে থাকে। একটি কাঠ মজুতের স্থান উচ্চ জ্বলনজনিত বিপদের উপস্থাপনা করে কারণ একবার একটি অগ্নিকান্ড শুরু হলে, কাঠগুলি অতি শীঘ্র জ্বলে যায়। অগ্নিকান্ডের ঘটনায় অন্তর্নিহিত সামগ্রীগুলি ক্ষতির প্রতি অধিক প্রবণতাযুক্ত।

উদাহরণস্বরূপ, কাগজ, পোশাক ইত্যাদি সামগ্রীগুলি শুধুমাত্র অগ্নিকান্ডজনিত ক্ষতির প্রতি নয়, জল, তাপ ইত্যাদি জনিত ক্ষতির প্রতিও প্রবণতাযুক্ত।

vi. **গঠনের প্রক্রিয়াসমূহ**

যদি রাত্রিকালে কাজ করা হয়, কৃত্রিম আলোর ব্যবহার, যন্ত্রের ক্রমাগত ব্যবহার জনিত ঘর্ষণ এবং ক্লান্তির কারণে কর্মচারীদের মধ্যে সম্ভাব্য অবহেলা ইত্যাদি বিপদের বৃদ্ধি ঘটায়।

vii. **অবস্থান**

একটি ঘিঞ্জি অঞ্চলে অবস্থিত, বাড়ির বিপদের প্রতি উন্মুক্ততা এবং অগ্নিনির্বাপক ব্যবস্থা থেকে দূরত্ব হল শারীরিক বিপদের উদাহরণ।

b) **সামুদ্রিক**

i. **জাহাজের বয়স এবং অবস্থা**

পুরাতন জাহাজগুলি হল নিকৃষ্ট মানের ঝুঁকিসমূহ।

ii. **যে অভিযানটি সম্পাদন করতে হবে**

অভিযানটি যাত্রাপথ, বন্দরগুলিতে মাল তোলা এবং খালাসের পরিস্থিতি এবং গুদামজাতকরণের সুবিধাগুলি হল উপাদানসমূহ।

iii. **মালপত্রের প্রকৃতি**

যাত্রাপথে উচ্চ মূল্যের সামগ্রীগুলি চুরি; যন্ত্রাদির ভেঙ্গে যাওয়ার সম্ভবনা থাকে।

iv. **প্যাকিং-এর পন্থা**

থলির তুলনায় গাঁট দ্বারা মালপত্রের প্যাকিং উত্তম হিসাবে বিবেচিত হয়। পুনরায়, একটি থলির তুলনায় দুটি থলি অধিক সুরক্ষাযুক্ত হয়।

বহু ব্যবহৃত ড্রামে বহনযোগ্য তরল সামগ্রীগুলি নিকৃষ্ট শারীরিক বিপদ সৃষ্টি করে।

c) **মোটরযান**

i. **মোটরযানটির বয়স এবং অবস্থা**

পুরাতন মোটরযানগুলি দুর্ঘটনার প্রতি অধিক প্রবণতাযুক্ত হয়।

ii. **ভেহিকলের প্রকার**

খেলাধুলার গাড়িগুলি অধিক শারীরিক বিপদে বিজড়িত হয় ইত্যাদি

d) **চুরি**

i. **মজুত মালের প্রকৃতি**

ছোট আয়তনে উচ্চ মূল্যের বস্তু (যেমন রত্ন ইত্যাদি) এবং সহজেই সরিয়ে নেওয়া যায় এমন বস্তুগুলি নিকৃষ্ট ঝুঁকি হিসাবে বিবেচিত হয়।

ii. **অবস্থান**

নিচের তলের ঝুঁকিগুলি উপরের তলে ঝুঁকিগুলির থেকে নিকৃষ্টতর:নির্জন অঞ্চলগুলিতে ব্যক্তিগত ব্যবহারের জিনিসের অবস্থানগুলি বিপজ্জনক।

iii. **গঠনগত বিপদসমূহ**

অতিরিক্ত সংখ্যক দরজা ও জানালাগুলি নিকৃষ্ট শারীরিক বিপদ সৃষ্টি করে।

e) **ব্যক্তিগত দুর্ঘটনা**

i. **ব্যক্তিটির বয়স**

অতি বৃদ্ধ মানুষেরা দুর্ঘটনা প্রবণ হন; এছাড়া কোনো দুর্ঘটনা ঘটলে তাঁরা সুস্থ হয়ে উঠতেও অধিক সময় নেন।

ii. **পেশার প্রকৃতি**

ঘোড়সওয়ার, খনির ইঞ্জিনীয়র, কায়িক পরিশ্রমের কর্মচারীরা হলেন নিকৃষ্ট শারীরিক বিপদের উদাহরণ।

iii. **স্বাস্থ্য এবং শারীরিক অবস্থা**

একটি দুর্ঘটনাজনিত শারীরিক আঘাতের ক্ষেত্রে একজন ডায়াবিটিসে আক্রান্ত ব্যক্তি শল্য চিকিত্সায় সাড়া নাও দিতে পারেন।

f) **স্বাস্থ্য বীমা**

i. **ব্যক্তিটির বয়স**

অল্প বয়সীর বারংবার অসুস্থতার প্রতি কম প্রবণতাযুক্ত হয়।

ii. **ব্যক্তিটির স্বাস্থ্যের অবস্থা;অর্থাৎ যদি বর্তমানে কোন প্রকার অসুস্থতায় ভোগেন**

iii. **মদ্য অথবা ধূমপান**

iv. **পেশার প্রকৃতি**

কারখানায় কর্মরত যেখানে ধোঁয়া অথবা ধুলোর অতিরিক্ত সমাবেশ।

3. **হার নির্ধারণের ক্ষেত্রে শারীরিক বিপদগুলির প্রতি নজর প্রদান**

আন্ডাররাইটারগণ শারীরিক বিপদগুলি পরিচালনের ক্ষেত্রে নিম্নলিখিত পন্থাগুলি অবলম্বন করেন:

- ✓ প্রিমিয়ামের সঙ্গে ভারযুক্তকরণ
- ✓ পলিসিগুলিতে প্রতিশ্রুতির প্রয়োগ
- ✓ নির্দিষ্ট কিছু ধারার প্রয়োগ
- ✓ অতিরিক্ত / অবরোহীর প্রয়োগ
- ✓ অনুমোদিত সুরক্ষার সীমাবদ্ধকরণ
- ✓ প্রত্যাখ্যানের তালিকা

a) **প্রিমিয়ামের সঙ্গে ভার যুক্ত করা**

কোন একটি ঝুঁকি উন্মুক্ততার সময় কিছু অসুবিধাজনক বৈশিষ্ট্য থাকতে পারে যেগুলির জন্য আন্ডাররাইটার সেটি গ্রহণের পূর্বে কিছু অতিরিক্ত প্রিমিয়াম ধার্য করার সিদ্ধান্ত নিতে পারবেন।

প্রিমিয়ামের সঙ্গে ভার যুক্ত করার মাধ্যমে দাবির উচ্চতর সম্ভাবনা অথবা বৃহৎ দাবির ঘটনাগুলি বিবেচনার মধ্যে রাখা হয়।

উদাহরণ

i. যে সামগ্রীগুলি নিয়মিত যাতায়াতকারী জাহাজে অথবা সুপারিশযোগ্য মানযুক্ত, জাহাজে যাতায়াত করে সেগুলির ক্ষেত্রে সাধারণ হারে প্রিমিয়াম ধার্য করা হয়। কিন্তু, যদি কোন একটি পুরানো অথবা কম মাল বহনের ক্ষমতাসহ জাহাজে মালগুলি নেওয়া হয়, সেক্ষেত্রে অতিরিক্তি প্রিমিয়াম ধার্য করা হয়।

C. বার্গলারি বা ডাকাতি বীমা
D. অর্থ বীমা
E. আনুগত্যনিশ্চয়তাবীমা
F. ব্যাঙ্কারেরনিরাপত্তাবীমা
G. জুয়েলারের ব্লক পলিসি
H. ইঞ্জিনিয়ারিং (প্রযুক্তিগত) বীমা
I. শিল্পের সব ঝুঁকি বীমা
J. মেরিন বীমা
K. দায়বদ্ধতা বীমা

এই অধ্যায়টি পড়ার পর, আপনি সক্ষম হবেন:

1. সম্পত্তি/অগ্নি বীমা সুপারিশ করতে
2. ঘটনাক্রমের জন্য ক্ষতি (অগ্নি) বীমা নির্ধারণ করতে
3. ডাকাতি বীমা সুরক্ষার রূপরেখা তৈরি করতে
4. অর্থ বীমা দৃষ্টান্ত দিয়ে ব্যাখ্যা করতে
5. আনুগত্য নিশ্চয়তা বীমা বর্ণনা করতে
6. ব্যাঙ্কারের সম্ভাব্য ক্ষতির বিরুদ্ধে নিরাপত্তা বীমা নির্ধারণ করতে
7. রত্ন ব্যবসায়ীর ব্লক নীতি প্রস্তাব করতে
8. ইঞ্জিনীয়ারিং বীমা মূল্য নির্ধারণ করতে
9. শিল্পের সব ঝুঁকি বীমার প্রশংসা করতে

10. বাণিজ্যিক বীমা সারসংক্ষেপিত করতে
11. দায়বদ্ধতা বীমার মূল্য নির্ধারণ করতে

A. *সম্পত্তি/অগ্নি বীমা*

বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলি সাধারণত বিস্তৃতভাবে দুটিভাগে বিভক্ত:

- ✓ ছোটো এবং মাঝারি প্রতিষ্ঠান [**SME** গুলি] এবং
- ✓ বৃহৎ ব্যবসায়িক প্রতিষ্ঠান

ঐতিহাসিকভাবে, সাধারণ বীমা ক্ষেত্রটি এই ধরণের ক্রেতাদের চাহিদাকে পুরণ করেই অনেকাংশে বেড়ে উঠেছে।

সাধারণ বীমা পণ্যকে ব্যবসায়িক প্রতিষ্ঠানে বিক্রি করার ক্ষেত্রে প্রয়োজনীয় বিষয় হলো যত্নসহকারে তাঁদের চাহিদার সঙ্গে বীমা পণ্যকে মিলিয়ে নেওয়া। এজেন্টদের অবশ্যই উপলব্ধ পণ্যগুলি সম্পর্কে যথাযথ বোঝাপড়া থাকতে হবে। আসুন আমরা সংক্ষিপ্তভাবে এই সাধারণ বীমা পণ্যগুলি বিবেচনা করে দেখি।

সম্পত্তি/ অগ্নি বীমা

অগ্নি বীমা নীতি যেমন বাণিজ্যিক প্রতিষ্ঠানের জন্য উপযুক্ত সেরকমই সম্পত্তির মালিক, যিনি ট্রাস্ট বা কমিশনে সম্পত্তির মালিক তাঁর জন্যও এবং, সম্পত্তিতে যাঁদের আর্থিক উৎসাহ আছে সেই ব্যক্তি/ আর্থিক প্রতিষ্ঠানের জন্যও এটি উপযুক্ত।

যাবতীয় স্থাবর এবং অস্থাবর সম্পত্তি যা নির্দিষ্ট একটি ঠিকানায় রয়েছে যেমন বাড়ি, প্লান্ট এবং যন্ত্রপাতি, আসবাব, জিনিসপত্র এবং অন্যান্য বিষয়বস্তু, এবং সরবরাহকারী/ ক্রেতার ঠিকানায় স্টক সরবরাহ সহ স্টক এবং প্রক্রিয়াগত স্টক, সারানোর জন্য ঐ ঠিকানা থেকে সাময়িকভাবে সরানো যন্ত্রপাতিরও বীমা করা যাবে। আর্থিক অব্যাহতি জরুরী যাতে ব্যবসাকে তার স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার জন্য যে সম্পত্তির ক্ষতি হয়েছে তা পুনর্গঠন এবং পুনর্নবীকরণ করা যায়। এইখানেই অগ্নি বীমা তার ভূমিকা পালন করে।

1. অগ্নি পলিসি কী কী সুরক্ষা দেয় ?

অগ্নি পলিসি যে কয়েকটি বিপদকে সুরক্ষা দেয় সেগুলি নিচে আলোচনা করা হলো।

বাণিজ্যিক ঝুঁকির জন্য অগ্নি পলিসি যে বিপদগুলিতে সুরক্ষা দেয়:

- ✓ অগ্নি
- ✓ প্রজ্বলন
- ✓ বিস্ফোরণ / ইমপ্লোশন
- ✓ দাঙ্গা ধর্মঘট এবং বিদ্বেষের কারণে ক্ষতি
- ✓ সংঘর্ষে ক্ষতি
- ✓ বিমানের কারণে ক্ষতি
- ✓ ঝড়, প্রচণ্ড ঝড়, সাইক্লোন, টাইফুন, হারিক্যান, ঘূর্ণিঝড়, বন্যা এবং প্লাবন
- ✓ ভূমিকম্প

- ✓ প্রশমন এবং পাথর ভেঙে পড়া সহ ল্যান্ড স্লাইড
- ✓ জলের ট্যাঙ্ক, যন্ত্রপাতি এবং পাইপের বিস্ফোরণ এবং উদ্বেল হয়ে ওঠা
- ✓ ক্ষেপণাস্ত্র পরীক্ষা অপারেশন
- ✓ স্বয়ংক্রিয় স্প্রিংকলার স্থাপন থেকে লিকেজ
- ✓ জঙ্গলে আগুন

আরো দুটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য আছে যা বাণিজ্যিক বীমাকে ব্যক্তি এবং খুচরো বাণিজ্যের লাইন থেকে পৃথক করেছে।

a) ফার্ম এবং বাণিজ্যিক প্রতিষ্ঠানের বীমার চাহিদা ব্যক্তির থেকে অনেক বৃহৎ। তার কারণ হলো যে একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের সম্পত্তির মূল্য একজন ব্যক্তির সম্পত্তির মূল্যের থেকে অনেক বেশি। তাদের ক্ষতি অথবা লোকসান কোম্পানির অস্তিত্ব বা ভবিষ্যতের উপর সরাসরি প্রভাব ফেলে।

b) বাণিজ্যিক প্রতিষ্ঠানের জন্য বীমার চাহিদা অনেক সময়ই বাধ্যতামূলক অথবা প্রয়োজনীয় হয় আইনী অন্যান্য চাহিদার ভিত্তিতে। উদাহরণ হিসেবে, যখন ব্যাঙ্ক থেকে ঋণ নেওয়ার মাধ্যমে কোনো প্লান্ট বা সম্পত্তি গড়ে তোলা হয়, তাদের বীমা করা হয়তো ঋণের শর্ত হিসেবেই থাকে। ভারতে অনেক কর্পোরেট প্রতিষ্ঠানই পেশাগতভাবে পরিচালিত কোম্পানি এবং তাদের মধ্যে বেশ কয়েকসংখ্যকই বহুজাতিক।

যথাযথ ঝুঁকি সামলানোর কৌশল গ্রহণ করা এবং সম্পত্তির সুরক্ষার জন্য বীমার প্রয়োজনীয়তা তাদের গুণমান আন্তর্জাতিক স্তরে থাকা উচিত।

কিছু বিষয় বাদ দিয়ে উপরিল্লিখিত কোনো বিপদ থেকে যদি কোনো ক্ষতি দেখা দেয় তাহলে পলিসি সেই সুরক্ষা দেয়।

2. কী কী বিষয় বাদ দেওয়া হয়?

বাদ দেওয়া হয়:

a) প্রত্যাশিত বিপদের কারণে ক্ষতি যেমন

i. যুদ্ধ এবং যুদ্ধের মতো কাজকর্ম

ii. পারমাণবিক বিপদ

iii. আয়োনাইজেশন এবং বিকিরণ

iv. দূষণ এবং দূষণের কারণে ক্ষতি

b) সাধারণ বীমায় অন্য পলিসিতে আরো যে বিপদগুলিকে সুরক্ষা দেওয়া হয়

i. যন্ত্রপাতির বিকলতা,

ii. ব্যবসায় বাধা

অ্যাড-অন কভার

আবার, কিছু বিপদের সুরক্ষা পাওয়া যেতে পারে অতিরিক্ত প্রিমিয়াম দিয়ে যেমন ভূমিকম্প, আগুন এবং আঘাত; বীমাকৃত বিপদের ফলাফল হিসেবে বৈদ্যুতিন ব্যর্থতার জন্য হিমঘর বা কোল্ড স্টোরেজে স্টক কমে যাওয়া, ধ্বংসস্তুপ সরানোর জন্য অতিরিক্ত খরচ, নির্মাতা, পরামর্শকারী ইঞ্জিনিয়ারের ফি, দাবানল, নিজের গাড়িতে স্বতঃস্ফূর্ত অগ্নিকাণ্ডের দরুণ ক্ষতি, ইত্যাদি বিষয়গুলিরও পলিসি দ্বারা সুরক্ষিত হতে পারে।

3. বিভিন্ন ধরণের অগ্নি পলিসি

সাধারণত 12মাস সময়ের জন্য অগ্নি পলিসি ইস্যু করা হয়। শুধুমাত্র বসবাসকারীদের জন্য, বীমা কোম্পানিগুলি দীর্ঘ মেয়াদী নীতির প্রস্তাব করে, যা হলো 12মাস সময়ের জন্য। কিছু ক্ষেত্রে স্বল্প মেয়াদী পলিসিও ইস্যু করা হয়, যেক্ষেত্রে স্বল্প মেয়াদী মানদণ্ড প্রযোজ্য হবে।

4. বাজার মূল্য অথবা পুনর্বহাল মূল্য পলিসি

ক্ষতির ক্ষেত্রে, বীমাকারী সাধারণত বাজার মূল্য দিয়ে থাকেন [যা ডেপ্রিসিয়েটেড ভ্যালু অর্থাৎ বাজারদর থেকে কম]। যদিও পুনর্বহাল মূল্য পলিসির অধীনে, ক্ষতিগ্রস্ত সম্পত্তির পরিবর্তে একইধরণের নতুন সম্পত্তি কেনার জন্য বীমাকারী টাকা দেবেন। বীমাকৃত রাশির প্রতিফলন হওয়া উচিত নতুন পরিবর্তের মূল্যে এবং সাধারণ অগ্নি পলিসির অধীনে বাজার মূল্যে নয়।

বাড়ি, প্লান্ট, যন্ত্রপাতি এবং আসবাব, সংলগ্ন বস্তু, ফিটিংসকে আচ্ছাদন দেওয়ার জন্য পুনর্বহাল মূল্য পলিসি ইস্যু করা হয়। পুনর্বহাল মূল্য পলিসি স্টকের সুরক্ষা দেওয়ার জন্য ইস্যু করা হয় না, এটি বাজার মূল্যের ভিত্তিতে সুরক্ষা করা হয়।

5. ঘোষণা পলিসি

গুদামে সংরক্ষিত স্টক সুরক্ষিত হতে পারে যাকে বলা হয়ে থাকে ঘোষণা পলিসি কারণ যেহেতু স্টক পরিমাণগত ভাবে ওঠানামা করার বিষয়। পলিসি চলাকালীন সময়ে আশা করা হয় যে গুদামজাত দ্রব্য বেশী পরিমাণে থাকবে এবং সবচেয়ে বেশি বীমাকৃত রাশি উচ্চ মূল্য যুক্ত থাকবে। এই মূল্যের ভিত্তিতে একটি শর্তাধীন প্রিমিয়াম নির্ধারণ করা হয়। পলিসি চলাকালীন সময়ে, গ্রাহকের নির্দিষ্ট সম্মতিতে সময় অন্তর বীমাকৃতকে অবশ্যই তাঁর স্টকের মূল্য ঘোষণা করতে হবে। পলিসির সময়সীমার শেষে প্রিমিয়ামের সঙ্গে এটিকে সমন্বয় করে নেওয়া হবে।

6. ফ্লোটার পলিসি

আরেক ধরণের পলিসি হলো **ফ্লোটার পলিসি।** এই পলিসি ইস্যু করা হতে পারে পণ্যের স্টকের জন্য যা বীমাকৃত রাশির অধীনে বিভিন্ন নির্দিষ্ট জায়গায় সংরক্ষণ করা আছে। অনির্দিষ্ট স্থান সুরক্ষার আওতায় আসবে না। ১০% লোডিংসহ যে কোনো একটি স্থানে বীমাকৃতের স্টকে প্রিমিয়ামে সর্বোচ্চ হার প্রযোজ্য হবে। এইগুলিকে ফায়ার ফ্লোটার পলিসিও বলা হয় যেহেতু বীমাকৃত রাশি বহু স্থান অনুযায়ী 'ফ্লোট' করে।

প্রিমিয়ামের হার নির্ভর করে:

a) কী ধরণের দখলীস্বত্ব-শিল্প নাকি অন্যরকম।
b) কী ধরণের পণ্য(গুলি) উৎপাদিত হচ্ছে তার উপর নির্ভর করে শিল্প কমপ্লেক্সেরসব সম্পত্তির উপর এক হার চার্জ করা হবে।
c) শিল্প কমপ্লেক্সের বাইরের সুবিধাগুলির হার নির্ধারিত হবে স্বতন্ত্র অবস্থানের দখলীস্বত্বের বৈশিষ্ট্যের উপর নির্ভর করে
d) সংরক্ষণ এলাকার হার নির্ধারিত হবে পণ্যের ঝুঁকিপূর্ণ বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে।
e) ''অ্যাড অন''-এর সুরক্ষা দেওয়ার জন্য অতিরিক্ত প্রিমিয়াম চার্জ করা হয়।
f) আগের দাবির ইতিহাসের ভিত্তিতে প্রিমিয়ামে ছাড় দেওয়া হয় এবং বাড়িটিতে কী ধরণের অগ্নি সুরক্ষা সুবিধা দেওয়া হয়েছে তার উপর ভিত্তি করে।
g) দাঙ্গা, ধর্মঘট, বিদ্বেষের জন্য ক্ষতির সুরক্ষা এবং বন্যার গোষ্ঠী প্রিমিয়াম কমিয়ে দেওয়ার জন্য বিপদ থেকে কেউ বেরিয়ে আসতে পারেন।

বীমাকারী থেকে বীমাকারীর আবার হার নির্ধারণের ধরণ ভিন্ন হতে পারে।

নিজেকে পরীক্ষা করুন **1**

বাণিজ্যিক ঝুঁকির জন্য ফায়ার পলিসি আচ্ছাদনের বিপদ হলো ——

I. বিস্ফোরণ

II. ইমপ্লোশন

III. উপরের দুটিই

IV. উপরের কোনোটিই নয়

B. *ব্যবসায়িক বাধার বীমা*

এই ধরণের বীমাকে ঘটনাক্রম লোকসান বীমা অথবা লাভের লোকসান বীমাও বলা হয়

অগ্নি বীমা বস্তুগত অথবা সম্পত্তিগত ক্ষতি অথবা বাড়ি, প্লান্ট, যন্ত্রপাতি স্থাপন, ফিটিংস, পণ্য দ্রব্য ইত্যাদির ক্ষেত্রে ক্ষতিপুরণ দেয়। এরফলে বীমাকৃত ব্যবসায়ে সম্পূর্ণ অথবা আংশিক বাধা দেখা দিতে পারে, যারফলে বাধার সময়কালে, বিভিন্ন ধরণের আর্থিক ক্ষতি হতে পারে।

1. ব্যবসায়ে বাধা নীতির অধীনে সুরক্ষা

ঘটনাক্রম লোকসান (সি এল) পলিসি [ব্যবসায়ে বাধা (বি আই)] লোকসানের জন্য যাকে মোট লাভ বলে তারজন্য ক্ষতিপূরণ দেয়– যার মধ্যে অন্তর্ভুক্ত হলো যতো দ্রুত সম্ভব চূড়ান্ত লোকসান কমাতে ব্যবসাকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার জন্য বীমাকৃত ব্যক্তির কাজের বাড়তি খরচের পাশাপাশি নেট প্রফিট যুক্ত স্ট্যান্ডিং চার্জ। বিপদটি সুরক্ষিত এবং অগ্নি পলিসির অধীনে থাকাসুরক্ষার মতোই সমপ্রকার শর্তাবলী যুক্ত।

উদাহরণ

যদি কোনো গাড়ি প্রস্তুতকারী প্লান্ট ভূমিকম্পের কারণে ক্ষতিগ্রস্ত হয়, তাহলে প্রস্তুতকারীর উৎপাদনের লোকসানের ফলাফল হবে আয়ে লোকসান। আয়ের এই লোকসানের পাশাপাশি বাড়তি যে খরচ হয়েছে তা বীমাকৃত করা সম্ভব যদি সেটি বীমাকৃতের পক্ষে বিপদের ফলে হয়ে থাকে।

এই পলিসিটি নেওয়া যেতে পারে শুধুমাত্র সংযোজন হিসেবে অগ্নির মাপকাঠি এবং বিশেষ বিপদ পলিসি হিসেবে যেহেতু এই পলিসির অধীনে দাবিগুলি একমাত্র তখনই গ্রাহ্য হবে যদি অগ্নির মাপকাঠি এবং বিশেষ বিপদ পলিসির অধীনে কোনো দাবি করা হয়ে থাকে।

নিজেকে পরীক্ষা করুন 2

ব্যবসায়ে বাধা বীমা পলিসি একমাত্র সংযোজন হিসেবে নেওয়া যেতে পারে ————–এর সঙ্গে।

I. অগ্নির মাপকাঠি এবং বিশেষ বিপদ পলিসি
II. অগ্নির মাপকাঠি এবং মেরিন পলিসি
III. মাপকাঠি এবং বিশেষ বিপদ পলিসি
IV. ইঞ্জিনিয়ারিং এবং মেরিন পলিসি

C. *ডাকাতি বীমা*

কারখানা, দোকান, অফিস, গুদাম এবং গুদাম ঘর যারমধ্যে স্টক, মালপত্র, আসবাব আটকানোর বস্তু এবং বন্ধ সেফে রাখা টাকা যা চুরি যেতে পারে এমন ব্যবসায়িক প্রতিষ্ঠানের উদ্দেশ্যে চরিতার্থ এই পলিসিটি।

কভারের সুযোগ পলিসিতে পরিষ্কারভাবে বর্ণিত।

1. ডাকাতি বীমার অধীনে যে ঝুঁকিগুলি সুরক্ষিত

a) যথার্থ জবরদস্তি এবং হিংস্রতার সাথে বাড়িটিতে ঢুকে পড়ার ফলে সম্পত্তির ক্ষতি অথবা যথার্থ জবরদস্তি এবং হিংস্রভাবে বাড়িটি থেকে বেরোনো অথবা সম্পত্তি ওঠানোর ফলে ক্ষতি।

b) ডাকাতদের দ্বারা বীমাকৃত সম্পত্তি অথবা বাড়ির ক্ষতি। বীমাকৃত সম্পত্তি সুরক্ষিত হয় শুধুমাত্র তখনই যখন বীমাকৃত বাড়ি থেকে সেটি হারায় এবং অন্য কোনো বাড়ি থেকে নয়।

2. A) আর্থিক আচ্ছাদন

ডাকাতিসংক্রান্ত ক্ষতি সুরক্ষার একটি গুরুত্বপূর্ণ অংশ হলো আর্থিক সুরক্ষা। এটি তখনই কাজ করে যখন টাকা একটি নিরাপদ সেফে রাখা থাকে, যা ডাকাতি নিরোধক এবং তা অনুমোদিত প্রস্তুতকারক এবং নকশার তৈরি। আর্থিক সুরক্ষার অনুমতি পাওয়ার জন্য যে সাধারণ শর্তগুলি প্রযোজ্য হয় তা নিচে দেওয়া হলো:

a) আসল চাবি দিয়ে খোলার সময় সেফ থেকে টাকা খোয়া যাওয়া, যখন হিংসার মাধ্যমে অথবা হিংসার হুমকির মাধ্যমে অথবা জোরজবরদস্তির মাধ্যমে এই চাবি নিয়ে নেওয়া হয়েছে। এটিকে সাধারণত **''চাবি ধারা'' (কি ক্লজ)** বলা হয়।

b) সেফে থাকা টাকার পরিমাণের একটি সম্পূর্ণ তালিকা সেফ ছাড়া অন্য একটি জায়গায় নিরাপদে রাখা হয়েছে। এমন রেকর্ডের মাধ্যমে দেখানো সঠিক পরিমাণের ক্ষেত্রে বীমাকারীর দায়বদ্ধতা খুবই সীমিত।

B) প্রথম ক্ষতি বীমা

কিছু ঘটনায়, যা বিরাট আয়তনে কম মূল্যের, (যেমন গাঁটবন্দী তুলো, শষ্য, চিনি ইত্যাদি) একটিমাত্র ঘটনায় গোটা স্টকটি লোকসানের ঝুঁকি দূরবর্তী বলে বিবেচিত হয়। যে মূল্য ডাকাতিরকারণ হতে পারে। তাকে নিশ্চিত করা যায় সম্ভাব্য সর্বোচ্চ ক্ষতি হিসেবে এবং যখন ঝুঁকিতে থাকা গোটা স্টকটিকে সুরক্ষা দেওয়ার সময় প্রিমিয়ামও এই সম্ভাব্য সর্বোচ্চ ক্ষতির জন্যই নির্ধারণ করা হয়। এটি ধরে নেওয়া হয় যে সঙ্গে সঙ্গেই ডাকাতির দ্বিতীয় ঘটনাটি ঘটবে না অথবা যাতে এই ঘটনা ফের না ঘটে তারজন্য বীমাকৃত অতিরিক্ত নিরাপত্তার পদক্ষেপ নিতে পারেন।

C) ঘোষণা কভার ও ফ্লোটার কভার, অগ্নি বীমার সমান স্টকের সম্বন্ধে সম্ভব

3. ব্যতিক্রম

কোন বাড়িতে কর্মী, পরিবারের সদস্য অথবা আইনসিদ্ধভাবে থাকা অন্য ব্যক্তির দ্বারা চুরি করাকে পলিসিটি সুরক্ষা দেয় না, একইভাবে জোচ্চুরি অথবা সাধারণ চুরির জন্যও আচ্ছাদন দেয় না। অগ্নি অথবা প্লেট গ্লাস নীতির দ্বারা সুরক্ষিত ক্ষতিও এর থেকে ব্যতিক্রম।

4. সম্প্রসারণ

বাড়তি প্রিমিয়াম দিয়ে পলিসিটি দাঙ্গা, ধর্মঘট এবং উগ্রপন্থার ঝুঁকির সুরক্ষার জন্য সম্প্রসারণ করা যেতে পারে।

5. প্রিমিয়াম

ডাকাতি পলিসির জন্য প্রিমিয়ামের হার নির্ভর করে বীমাকৃত সম্পত্তির বৈশিষ্ট্য, বীমাকৃতের নিজের নৈতিক বিপত্তি, বাড়িটির নির্মাণ এবং স্থান, নিরাপত্তার পদক্ষেপ (যেমন ওয়াচম্যান, ডাকাতির অ্যালার্ম), আগের দাবি সংক্রান্ত অভিজ্ঞতা ইত্যাদির উপর।

প্রস্তাবিত তালিকায় দেওয়া বিস্তারিত তথ্যের অতিরিক্ত হিসেবে, বীমাকারী একটি প্রাক-স্বীকৃত পরিদর্শণ করেন যেখানে উচ্চ মূল্য যুক্ত থাকে।

নিজেকে পরীক্ষা করুন৩

ডাকাতি নীতির জন্য প্রিমিয়াম নির্ভর করে ————।

I. বীমাকৃত পলিসির বৈশিষ্ট্যের উপর

II. বীমাকৃতের নিজের নৈতিক বিপত্তি

III. বাড়িটির নির্মাণ এবং স্থান

IV. উপরের সবগুলি

D. *অর্থ বীমা*

টাকার লেনদেন করা সব ব্যবসায়ের অবিচ্ছেদ্য অংশ। এর লক্ষ্য হলো ব্যাঙ্ক এবং শিল্প ব্যবসায়িক প্রতিষ্ঠানকে টাকার লোকসান থেকে রক্ষা করা। বাড়িটির মধ্যে এবং একইসঙ্গে তার বাইরেও টাকার ঝুঁকি রয়েছে। তোলা, জমা দেওয়া, পারিশ্রমিক দেওয়া অথবা সংগ্রহ করার সময়ও এটি অনৈতিকভাবে কেড়ে নেওয়া হতে পারে।

1. আর্থিক বীমার সুরক্ষা

আর্থিক বীমা নীতির নকশা করা হয়েছে লোকসানের সুরক্ষা দেওয়ার জন্য যেটি ঘটতে পারে যখন টাকা, চেক/পোস্টাল অর্ডার/পোস্টাল স্ট্যাম্প সামলানো হচ্ছে। সাধারণত পলিসিটি দুটি ভাগের অধীনে সুরক্ষা দেয়

a) **বহন ভাগ**

যখন বীমাকৃত অথবা তাঁর অনুমোদিত কর্মচারী বাইরে টাকা বহন করে নিয়ে যাওয়ার সময় ডাকাতি অথবা চুরি অথবা তার সমান কোনো ঘটনার কারণে টাকার লোকসান হয় এটি তার সুরক্ষা দেয়।

বহন ভাগটি সুনির্দিষ্ট করে দুটি পরিমাণ:

i. **প্রতি বহনের সীমা:** এটিই হলো সর্বোচ্চ পরিমাণ অর্থ যা প্রত্যেক লোকসানের পরিপ্রেক্ষিতে বীমাকৃতকে বীমাকারীর দেওয়া প্রয়োজন।

ii. **পলিসি চলাকালীন সময়ে পথে সম্ভাব্য পরিমাণ অর্থ:**কোন অংকের প্রিমিয়ামে আসার জন্য এটি সেই পরিমাণ অর্থের প্রতিনিধিত্ব করে যার ভিত্তিতে প্রিমিয়ামের হার প্রযোজ্য হবে।

ঘোষণার ভিত্তিতে পলিসি ইস্যু করা হয়। বীমাকারক তাই বহনযোগ্য সম্ভাব্য পরিমাণের উপর শর্তাধীন প্রিমিয়াম চার্জ করেন এবং পলিসিটি সমাপ্ত হওয়ার সময় এই প্রিমিয়ামটিকে অ্যাডজাস্ট করে দেয়, বীমাকৃতের ঘোষণা অনুযায়ী, পলিসি চলাকালীন সময়ে প্রকৃত পরিমাণ স্থানান্তরের ভিত্তিতে।

b) **বাড়ির ভাগ**

কারোর বাড়ি/লক করা সেফ থেকে ডাকাতি, দরজা ভেঙে ঢোকা, আটকে রাখা ইত্যাদি কারণে অর্থের লোকসান হলে এই বিভাগটি তার সুরক্ষা দেয়। এই পলিসির অন্যান্য বৈশিষ্ট্য হলো ডাকাতি বীমা (ব্যবসায়িক বাড়ির) সাধারণত একই যা আমরা শিক্ষার ফলাফল গ-এ আলোচনা করেছি।

2. গুরুত্বপূর্ণ অপবর্জন

এর অন্তর্গত হলো:

a) ভুল অথবা ভ্রান্তির কারণে ঘাটতি,

b) অনুমোদিত ব্যক্তি ছাড়া অন্য কোনো ব্যক্তিকে দায়িত্ব দেওয়ার ফলে অর্থের লোকসান এবং

c) দাঙ্গা ধর্মঘট এবং সন্ত্রাসবাদ: বাড়তি প্রিমিয়াম দিয়ে এটিকে সুরক্ষার আওতায় আনা যেতে পারে।

3. বিস্তার

অতিরিক্ত প্রিমিয়াম প্রদান করলে পলিসি সম্প্রসারনের মাধ্যমে যে বিষয়গুলিতে সুরক্ষা পাওয়া যায়

a) নগদ টাকা নিয়ে যাচ্ছেন যে ব্যক্তি তাঁর অসততা থেকে
b) দাঙ্গা, ধর্মঘট এবং উগ্রপন্থার ঝুঁকি
c) কর্মচারীদের মজুরি দেওয়ার সময় টাকা খরচের ঝুঁকি যে ক্ষতি হতে পারে

4. প্রিমিয়াম

বীমাকৃত, কোম্পানির এককালীন সার্বিক সম্ভাব্য বহনযোগ্য অর্থের দায়, কোন ধরণের বাহনে নিয়ে যাওয়া হচ্ছে, কীধরণের নিরাপত্তা নেওয়া হয়েছে ইত্যাদি, তার ভিত্তিতে প্রিমিয়াম হারনির্ধারণ করা হয়। পলিসিটি সমাপ্ত হওয়ার ৩০দিনের মধ্যে ঘোষণার ভিত্তিতে সারা বছর যে পরিমাণ যথার্থ টাকা বহন করা হয়েছে সেই অনুযায়ী প্রিমিয়ামটি সমন্বয়যোগ্য।

নিজেকে পরীক্ষা করুন৪

আর্থিক বীমা পলিসির অধীনে নিম্নলিখিত কোনটি আচ্ছাদিত?

I. ভুল অথবা ভ্রান্তির জন্য ঘাটতি

II. ডাকাতির জন্য কারোর বাড়ি থেকে টাকা হারিয়ে যাওয়া

III. অনুমোদিত ব্যক্তি ছাড়া অন্য কাউকে দায়িত্ব দেওয়ার ফলে অর্থের লোকসান

IV. দাঙ্গা ধর্মঘট এবং উগ্রপন্থা

E. *আনুগত্য নিশ্চয়তা বীমা*

কোম্পানিগুলি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয় তাদের কর্মচারীদের জোচ্চুরি অথবা অসততা যাকে হোয়াইট কলার দুর্নীতি বলে তারজন্য। আনুগত্য নিশ্চয়তা বীমা নিয়োগকর্তাকে ক্ষতিপুরণ দেয় তাঁর যে আর্থিক ক্ষতি হয়েছে তাঁর কর্মচারীদের জালিয়াতি, আত্মসাৎ করা, জোচ্চুরি এবং কর্তব্যে ব্যর্থতার মাধ্যমে জালিয়াতি এবং অসততার কারণে।

1. আনুগত্য নিশ্চয়তা বীমার অধীনে সুরক্ষা

সরাসরি অর্থ সংক্রান্ত ক্ষতির ক্ষেত্রে সুরক্ষা দেওয়া হয় এবং ঘটনাক্রমের কারণে সৃষ্ট ক্ষতি এর অন্তর্ভুক্ত নয়।

a) অর্থ, নিরাপত্তা এবং মালপত্রের নিরিখেই এই ক্ষতি হতে হবে

b) আইনটিকে অবশ্যই দায়বদ্ধ থাকতে হবে নির্দিষ্ট কার্যধারার কর্তব্যে;

c) পলিসিটি সমাপ্ত হওয়ার ১২মাসের মধ্যে অথবা মৃত্যু হলে অথবা কর্মচারীরঅবসর, অপসারণ, যেটিই আগে হোক না কেন, ক্ষতিটি খুঁজে পেতে হবে

d) একজন অসৎ কর্মচারীকে কাজে পুনর্বহাল করলে সেক্ষেত্রে কোনো সুরক্ষা দেওয়া হয় না

2. আনুগত্য নিশ্চয়তা পলিসির ধরণ

বিভিন্ন ধরণের আনুগত্য নিশ্চয়তা পলিসি রয়েছে, যেমন নিচে বর্ণনা করা হয়েছে:

a) **ব্যক্তিগত পলিসি**

এই ধরণের পলিসি ব্যবহার করা হয় যেখানে শুধুমাত্র একজন ব্যক্তিকেই নিশ্চিত করতে হবে। নাম, কর্মীর পদমর্যাদা এবং নিশ্চয়তার পরিমাণ অবশ্যই নির্দিষ্ট করে দিতে হবে।

b) **যৌথ নীতি**

এই পলিসির অন্তর্ভুক্ত হলো একটি পরিকল্পিত তালিকা যেখানে সেই কর্মচারীদের নাম থাকবে যাদের ক্ষেত্রে এই নিশ্চয়তা প্রযোজ্য হবে, তারসঙ্গেই থাকবে প্রত্যেক কর্মচারীর কর্তব্য এবং পৃথক ব্যক্তির বীমাকৃত পরিমাণ সংক্রান্ত তথ্য।

c) ফ্লোটিং পলিসি অথবা ফ্লোটার

এই পলিসিতে, সুরক্ষা দেওয়া হবে যে ব্যক্তিকে তাঁর নাম এবং কর্তব্য একটি তালিকায় সন্নিবিষ্ট করা হয়, কিন্তু ব্যক্তিগত পরিমাণ নিশ্চয়তা করার পরিবর্তে, একটি গোষ্ঠীর উপর একটি নির্দিষ্ট পরিমাণ নিশ্চয়তা ''ফ্লোট'' করা হয়। কোনো একজন কর্মচারীর দাবির পরিপ্রেক্ষিতে, সেইজন্য, ফ্লোটের নিশ্চয়তা কমিয়ে দেয়, যতোক্ষণ না বাড়তি প্রিমিয়াম দিয়ে মূল অর্থ পুনর্বহাল করা হয়।

d) পদ পলিসি

নামের একটি পার্থক্যের সঙ্গে এটি সমষ্টিগত পলিসির সমান, কেবলমাত্রনির্ধারিত তালিকাটি ''পদ'' নির্ণয় করে যা নির্দিষ্ট পরিমাণের জন্য নিশ্চয়তা দেয়।

e) ব্ল্যাঙ্কেট পলিসি

নাম এবং পদেরপরিবর্তে এই পলিসি সমগ্র কর্মচারীদের সুরক্ষা দেয়। বীমাকারী কোনো কর্মচারী সম্পর্কেই কোনো অনুসন্ধান করে না। এমন নীতি শুধু উপযুক্ত একজন নিয়োগকারীর জন্য যাঁর অনেক কর্মচারী রয়েছে এবং সংগঠনটি কর্মচারীদের পূর্ব পরিচয় সম্পর্কে যথেষ্ট খোঁজখবর করে নেয়। যদি কোনো দাবি করা হয় তবে নিয়োগকর্তা যে খোঁজখবর সংগ্রহ করেছেন তা অবশ্যই বীমাকারীকে জানাতে হবে। এই পলিসি দেওয়া হয় খ্যাতিসম্পন্ন বৃহৎ সংস্থাকে।

3. প্রিমিয়াম

ব্যবসার পেশা, কর্মচারীর মর্যাদা, পরীক্ষা ও নজরদারির ভিত্তিতে প্রিমিয়ামের হার নির্ভর করে।

নিজেকে পরীক্ষা করুন৫

আনুগত্য নিশ্চয়তা বীমার ক্ষতিপুরণ করা ————।

I. কর্মচারীদের জালিয়াতি অথবা অসততার জন্য যে আর্থিক ক্ষতি হয় তার বিরুদ্ধে নিয়োগকর্তা

II. কর্মচারীদের জালিয়াতি অথবা অসততার জন্য আর্থিক ক্ষতির বিরুদ্ধে কর্মচারীরা

III. তৃতীয় কোনো ব্যক্তির জালিয়াতি অথবা অসততার জন্য আর্থিক ক্ষতির বিরুদ্ধে কর্মচারী এবং নিয়োগকর্তা

IV. কোম্পানির ম্যানেজমেন্টের জালিয়াতি অথবা অসততার জন্য আর্থিক ক্ষতির বিরুদ্ধে শেয়ারহোল্ডাররা

F. *ব্যাঙ্কারের ক্ষতিপূরণ বীমা*

অর্থ এবং নিরাপত্তার বিবেচনায় বিশেষ যে ঝুঁকির সম্মুখীন হতে হয়, এই সুসংহত সুরক্ষা ব্যাঙ্ক, এন বি এফ সি এবং অন্যান্য প্রতিষ্ঠান যারা অর্থ নিয়ে কাজকর্ম করে তাদের জন্যই রচনা করা।

1. ব্যাঙ্কারের ক্ষতিপুরণ বীমার অধীনে আচ্ছাদন

ব্যাঙ্কারের প্রয়োজনীয়তার ভিত্তিতে এই নীতিতে বিভিন্ন ধরণ আছে।

a) আগুন, ডাকাতি, দাঙ্গা এবং ধর্মঘটের কারণে বাড়িটিতে থাকার সময়ই অর্থের নিরাপত্তা যদি হারিয়ে যায় অথবা ক্ষতিগ্রস্ত হয়।

b) যখন সম্পত্তিটি বাড়ির বাইরে অনুমোদিত কর্মী বহন করে নিয়ে যায়, তখন যদি কোনো কর্মচারীরঅবহেলার কারণে কোনোরকম ক্ষতির কারণ হয়।

c) চেক, ড্রাফ্টস, ফিক্সড ডিপোজিটের রসিদের জালিয়াতি অথবা পরিবর্তন করা হয়

d) টাকা/নিরাপত্তা অথবা জিনিসপত্রের অঙ্গীকারের পরিপ্রেক্ষিতে কর্মচারীর অসততা

e) নথিবদ্ধ করা পোস্টে পার্সেল পাঠানো।

f) মূল্য নির্ণায়কের অসততা।

g) 'জনতা এজেন্ট', 'ছোটি বাচত যোজনা এজেন্ট'-এর মতো ব্যাঙ্কের এজেন্টদের হাতে টাকার ক্ষতি।

'খুঁজে পাওয়ার' ভিত্তিতে সুরক্ষা ইস্যু করা হয়, তার অর্থ হলো পলিসিটি একটি সময় পর্যন্ত সাড়া দেবে যার মধ্যে ক্ষতিটি খুঁজতে হবে এবং আবশ্যক নয় যে কখন এটি যথার্থভাবে ঘটেছিল।

সাধারণত, হারিয়ে যাওয়ার ঘটনাটি ঘটার আগের সময় থেকে, সুরক্ষাটি যদি ক্রমাগত চলতে থাকে তবেই খুঁজে পাওয়ার আগের সময়ের ২বছরের মধ্যে ক্ষতির ক্ষেত্রেই শুধু ক্ষতিপূরণ দেওয়া হয়।

2. গুরুত্বপূর্ণ ব্যতিক্রম

এর অন্তর্গত হলো:

a) ব্যবসায়িক ক্ষতি

b) অবহেলা

c) সফ্টওয়্যার অপরাধ

d) অংশীদার/ডিরেক্টরদের অসততা

3. বীমাকৃত সমষ্টি

ব্যাঙ্ককে অবশ্যই বীমাকৃত সমষ্টি(sum insured) নির্দিষ্ট করে দিতে হবে যা সাধারণত প্রথম ৫টি ভাগের উপর স্লোট করবে। একে বলা হয় 'মৌলিক বীমাকৃত সমষ্টি'। অতিরিক্ত বীমাকৃত সমষ্টি প্রথম এবং দ্বিতীয় ভাগের জন্য কেনা সম্ভব যদি মৌলিক বীমাকৃত সমষ্টি পর্যাপ্ত না হয়।

একটি আবশ্যিক এবং অতিরিক্ত প্রিমিয়াম প্রদান করার মাধ্যমে বীমাকৃত সমষ্টির স্বয়ংক্রিয় পুনর্বহালে পলিসিটি অনুমতি দেয়

4. রেটিং

প্রিমিয়াম গণনার ভিত্তি হলো:

a) মৌলিক বীমাকৃত সমষ্টি

b) অতিরিক্ত বীমাকৃত সমষ্টি

c) স্টাফের সংখ্যা

d) শাখার সংখ্যা।

নিজেকে যাচাই করুন **6**

ব্যাঙ্কারের ক্ষতিপূরণ বীমা পলিসির অধীনে নিম্নলিখিত কোনগুলি সুরক্ষিত হতে পারে?

I. বাড়িটিতে থাকার সময়কালেই অগ্নিকাণ্ডের কারণে অর্থের নিরাপত্তা হারিয়ে গেলে

II. চেকের জালিয়াতি অথবা বদলে ফেলা

III. টাকাকড়ির ক্ষেত্রে কর্মচারীর অসততা

IV. উপরের সবকটিই

G. *জুয়েলারের ব্লক পলিসি*

সাম্প্রতিক সময় জুয়েলারি বিশেষ করে হীরের বিশ্ব বাণিজ্যে একটি অগ্রণী কেন্দ্র হিসেবে ভারত আত্মপ্রকাশ করেছে। আমদানি করা কাঁচা হীরেগুলি কেটে ও পালিস করে রপ্তানি করা হয়। তাই একজন জুয়েলারকে সমস্ত ঝুঁকির যত্ন নিতে হয়, যার ব্যবসার সঙ্গে সোনা ও রুপোর জুয়েলারি, হীরে ও মূল্যবান পাথর, হাতঘড়ির মতো চড়া মূল্যের জিনিস থাকে। এই ব্যবসার সঙ্গে জড়িত থাকে এই দামী জিনিসগুলি বিশাল পরিমাণে মজুতদার ও আনা নেওয়ার মত বিষয়টি।

1. জুয়েলারের ব্লক পলিসির কভারেজ

জুয়েলারের ব্লক পলিসি এই ধরনের ঝুঁকিগুলি সুরক্ষিত করে। এগুলিকে চারটি বিভাগে ভাগ করা হয়। সেকশন 1-এর আওতায় সুরক্ষা বাধ্যতামূলক। বীমাকৃত তাঁর পছন্দ অনুযায়ী অন্য সেকশনের সুবিধাও নিতে পারেন। এটা হলো একটা প্যাকেজ পলিসি।

a) **সেকশনI:** বীমাকৃত আওতার মধ্যে থাকা সম্পত্তির যে ক্ষয়ক্ষতিগুলিসুরক্ষিত করে তা হল, আগুনের কারণে, বিস্ফোরণ, বড় ডাকাতি, সিঁধ কাটা, চুরি, অবরোধ, ডাকাতি, দাঙ্গা, ধর্মঘট, সন্ত্রাস এবং বিদ্বেষজনিত ক্ষতি।

b) **সেকশন II:** বীমাকৃত বা অন্য নির্ধারিত ব্যক্তির জিম্মায় থাকা সম্পত্তির ক্ষয় বা ক্ষতির সুরক্ষা।

c) **সেকশন III:** রেজিস্টার্ড বীমাকৃতপার্সেল পোস্ট, বিমানে পরিবহন প্রভৃতির সময় কোনো ক্ষয় বা ক্ষতি হলে তার সুরক্ষা।

d) **সেকশন IV:** সেকশন I-এ নির্ধারিত বিপদ অনুযায়ী প্রেমিসেসের মধ্যে ব্যবসা এবং অফিস ফার্নিচার ও ফিটিংসেও সুরক্ষা দেয়।

প্রত্যেকটা সেকশনের জন্যই আলাদা হারে প্রিমিয়াম হিসেব করা হয়।

2. গুরুত্বপূর্ণ ব্যতিক্রমগুলি হলো:

a) এজেন্ট, কাটার, স্বর্ণকারের অসততা

b) প্রদর্শনীর জন্য রাখা সম্পত্তি

c) ব্যক্তিগত উদ্দেশ্যেব্যবহার বা পরিবহন করার সময় হারালে

d) বিজনেস আওয়ার বা কাজের সময়ের বাইরে সম্পত্তিটিকে নিরাপদে না রাখা হলে

e) রাতে ডিসপ্লে উইন্ডোতে সম্পত্তি রেখে দিলে

f) কর্মচারী বা বীমাকৃত পরিবারের সদস্যের বিশ্বাসঘাতকতার কারণে ক্ষতির সুরক্ষা দেওয়া হয় না। এছাড়াও বিশ্বস্ততার গ্যারান্টি সুরক্ষা বীমাকৃতের নেওয়া উচিত পূর্ণাঙ্গ সুরক্ষার জন্য।

3. প্রিমিয়াম

প্রতিটি ক্ষেত্রে গুণের ভিত্তিতে ঝুঁকির হার ঠিক করা হয়। অনন্য চব্বিশ ঘন্টার চৌকিদার, ক্লোজ সার্কিট টিভি/অ্যালার্ম ব্যবস্থা, অনন্য স্ট্রং রুম ও আরো অন্যান্য সেফটি ডিভাইস প্রভৃতির ভিত্তিতে ছাড় দিয়ে বিভিন্ন প্রিমিয়ামের হার প্রতিটি বিভাগে প্রয়োগ করা হয়।

নিজেকে পরীক্ষা করুন **7**

একটা জুয়েলারের ব্লক পলিসির ক্ষেত্রে, রেজিস্টার্ড পার্সেলে পাঠানোর সময় বীমাকৃত সম্পত্তির ক্ষতির কভার দেওয়া হবে _____আওতায়।

I. সেকশন I

II. সেকশন II

III. সেকশন III

IV. সেকশন IV

H. *ইঞ্জিনিয়ারিং বীমা*

প্রযুক্তি বীমা হল সাধারণ বীমার একটি শাখা যা অগ্নি, বীমার সমান্তরালভাবে বৃদ্ধি পেয়েছে যেহেতু শিল্পায়নের উন্নতির উৎস, তাই প্ল্যান্ট এবং যন্ত্রগুলিরর পৃথক সুরক্ষার প্রয়োজনের প্রতি আলোকপাত করা জরুরী একমাত্র সুনির্দিষ্টভাবে বাদ দেওয়া কারণ গুলি ছাড়া সব ক্ষতিই সুরক্ষিত থাকবে, সবরকম ঝুঁকির সুরক্ষার এই ধারণাটি গড়ে উঠেছিল প্রযুক্তিগত প্রকল্পগুলির সঙ্গে বীমাটি নির্মাণ থেকে পরীক্ষা পর্যন্ত যতক্ষণ না প্ল্যান্টটি উৎপাদনশীল হয়ে উঠছে – বিভিন্ন পর্যায়কেই সুরক্ষা দিয়ে থাকে। এই বীমার ক্রেতারা হলেন বৃহৎ এবং ক্ষুদ্র শিল্প গোষ্ঠীউভয়ই। এর অন্তর্গত হলো সেই ইউনিটগুলিও যেখানে বৈদ্যুতিন যন্ত্রপাতি আছে এবং কন্ট্র্যাক্টররা যেখানে বড় প্রকল্প করছেন।

ইঞ্জিনিয়ারিং বীমা পলিসির ধরণ

আসুন আমরা সংক্ষিপ্তভাবে এই ধরণের বীমার অধীনে যে বৃহৎ পলিসিগুলি আছে তা দেখি

1. কন্ট্রাক্টরস অল রিস্ক (C.A.R.) পলিসি

এটি তৈরিই করা হয়েছে নির্মাণকারীদের এবং ছোটো বাড়ি থেকে বিশাল বাঁধ, বাড়ি, সেতু, সুড়ঙ্গ ইত্যাদির সঙ্গে যুক্ত মূলধনের স্বার্থ রক্ষার জন্য। পলিসিটি ''সব ঝুঁকি''র সুরক্ষা প্রদান করে-যা নির্মাণ স্থানে বীমাকৃত সম্পত্তিতে অকস্মাৎ এবং অপ্রত্যাশিত লোকসান অথবা ক্ষতি ঘটলে তার ক্ষেত্রে ক্ষতিপুরণ দেয়। এই সুরক্ষাকে বিস্তৃত করা যেতে পারে তৃতীয় পক্ষের দায়বদ্ধতা এবং অন্যান্য প্রকাশের মাধ্যমে নির্ধারিত। প্রিমিয়ামটি নির্ভর করে প্রকল্পটির প্রকৃতি, প্রকল্পের খরচ, প্রকল্পটির সময়, ভৌগোলিক স্থান এবং পরীক্ষার সময়ের উপর।

2. কন্ট্রাক্টরস প্ল্যান্ট অ্যান্ড মেশিনারি (CPM) পলিসি

নির্মাণ ব্যবসার সঙ্গে যুক্ত নির্মাণকারীদের ক্রেন, খননকারী যন্ত্রের মতো সব ধরণের যন্ত্রপাতিকে সুরক্ষা দেওয়ার জন্য উপযুক্ত এই পলিসি, অপ্রত্যাশিত এবং অকস্মাৎদৈহিক লোকসান অথবা ক্ষতি থেকে যে কারণগুলি অন্তর্ভুক্ত:

a) ডাকাতি, চুরি, R.S.M.T. D.
b) আগুন এবং বিদ্যুৎ, বাহ্যিক বিস্ফোরণ, ভূমিকম্প এবং অন্যান্য অলৌকিক বিপদ
c) ভুলভাবে টানাটানি করার ফলে কাজের সময় দুর্ঘটনাজনিত ক্ষতি, পতনজনিত ক্ষতি, অবসন্নতা, ধাক্কা এবং তার প্রভাব; তৃতীয় পক্ষের ক্ষতি পর্যন্ত বিস্তৃতহতে পারে।

যন্ত্রপাতির ধরণের উপর এবং যে স্থানে তা কাজ করছে তার উপর প্রিমিয়াম নির্ভর করে।

এই সুরক্ষআ কাজ করে যখন যন্ত্রটি কর্মরত রয়েছে অথবা বিশ্রামে রয়েছে অথবা পরিষ্কার অথবা পুঙ্খানুপুঙ্খভাবে সাজানোর জন্য খোলা হয়েছে অথবা পুনরায় একত্রীকরণ করা হচ্ছে। এই সুরক্ষা কাজ করে যখন যন্ত্রটি নির্মাণকারীর নিজের বাড়িতে পড়ে রয়েছে সেসময়ও।

3. নির্মাণের সব ঝুঁকি (EAR) পলিসি

এই পলিসিকেসংরক্ষণাগার তথা নির্মাণ (SCE) পলিসিও বলা হয়। এটি উপযুক্ত হলো মূলধন অথবা নির্মীয়মান প্রকল্পের নির্মাণকারীর জন্য যেহেতু নির্মাণের সময় প্ল্যান্ট ও মেশিনারী বিভিন্ন ধরণের

বাইরের থেকে আসা ঝুঁকির কাছে উন্মুক্ত। এটি এখন একটি সুসংহত বীমা পলিসি যা প্রকল্পের স্থানে উপাদানগুলি খালাস করার মূহুর্ত থেকে শুরু করে যে কোনোরকম আকস্মিক ঘটনার জন্য সুরক্ষা দেয় এবং তা চলতে থাকে প্রকল্পটির সম্পূর্ণ সময়কাল ধরে যতোক্ষণ না প্রকল্পটি পরীক্ষিত, অনুমোদিত এবং হস্তান্তরিত হচ্ছে।

নির্ধারিত প্রিমিয়াম নির্ভর করে প্রকল্পটির প্রকৃতি, তার খরচ, প্রকল্পের সময়, ভৌগোলিক অবস্থান, এবং পরীক্ষার সময়ের উপর।

বহনের সময়কাল থেকে প্রকল্প স্থলটিতে পৌঁছে দেওয়া পর্যন্ত নির্মাণ পলিসির পাশাপাশি যন্ত্রপাতি এবং উপাদানের জন্য যদি প্রয়োজন হয় একটি মেরিন সুরক্ষা ইস্যু করা হতে পারে।

4. যন্ত্রপাতির বিকলতার পলিসি (MB)

এই পলিসিটি সেই সমস্ত শিল্প যেগুলি যন্ত্রপাতি নিয়ে কাজ করে এবং যাদের কাছে প্লান্ট এবং যন্ত্রপাতির বিকল হয়ে যাওয়া হলো গুরুতর ঘটনাক্রম তাদের জন্য উপযুক্ত। এই পলিসিটি সুরক্ষা দেয় জেনারেটর, ট্রান্সফর্মার এবং অন্যান্য বৈদ্যুতিক, যান্ত্রিক এবং উত্তোলন সংক্রান্ত যন্ত্রপাতির জন্য উপযুক্ত।

বীমাকৃত সম্পত্তিতে যে কোনো কারণে (ব্যতিক্রমী ঝুঁকির বিষয়) যান্ত্রিক অথবা বৈদ্যুতিক বিকলতার মাধ্যমে আকস্মিক এবং হঠাৎ কোনো শারীরিক ক্ষতিকে সুরক্ষা দেয় এই পলিসি:

a) যখন এটি কাজ করে বা বিশ্রাম করে।
b) পরিষ্কার করার জন্য অথবা পুঙ্খানুপুঙ্খভাবে সাজানোর সময়
c) পরিষ্কার অথবা পুঙ্খানুপুঙ্খভাবে সাজানোর কাজের সময় এবং তারপর পুনর্সন্নিবিষ্ট করার সময়।
d) যখন বাড়িটির মধ্যে স্থানান্তরিত করা হচ্ছে।

ব্যক্তিগত যন্ত্রপাতির পুনর্বহাল বা প্রতিস্থাপন মূল্যের উপর প্রিমিয়াম নির্ধারণ করা হয়। সম্পূর্ণ যন্ত্রটিকেই বীমাকৃত করাতে হবে। বীমা রাশির হার নির্ভর করে যন্ত্রের ধরণ; যে শিল্পে এটি ব্যবহৃত হচ্ছে এবং যন্ত্রের মূল্য ইত্যাদি। অবলম্বনের সুবিধা, স্পেয়ারের উপলব্ধতা এবং দাবির অভিজ্ঞতার মতো বিষয়গুলির উপর ভিত্তি করে ছাড়ের প্রস্তাব দেওয়া হয়।

5. বয়লার এবং প্রেশার প্লান্ট পলিসি

বয়লার এবং প্রেশার ভেসেলের, যে ক্ষতির বিরুদ্ধে এই পলিসি সুরক্ষা দেয়:

a) একমাত্র আগুন জনিত ক্ষতি ছাড়া বয়লারে অথবা অন্য প্রেশার প্লান্টে এবং আশপাশের বীমাকৃত সম্পত্তিতেক্ষতি

b) এই ধরনের বয়লার এবং / অথবা প্রেসার প্ল্যান্টের অভ্যন্তরীণ চাপের কারণে বিস্ফোরণ বা ভেঙে পড়ার ফলে কোনো ব্যক্তির শারীরিক আঘাত অথবা তৃতীয় পক্ষের সম্পত্তির ক্ষতির দরুণ বীমাকৃতের আইনী দায়বদ্ধতা,

যেহেতু অগ্নি পলিসি এবং বয়লার বীমা পলিসি হলো পারস্পরিক স্বতন্ত্র, পর্যাপ্ত সুরক্ষার জন্য, দুটি পলিসিই গ্রহণ করার প্রয়োজনীয়তা রয়েছে। যাবতীয় ইঞ্জিনিয়ারিং পলিসির অধীনে বীমাকৃত রাশি অবশ্যই চলতি পরিবর্ত মূল্যের হতে হবে।

৬. লাভের যান্ত্রিক ক্ষতি (MLOP) পলিসি

এই পলিসিটি সেই সমস্ত শিল্পের জন্য উপযুক্ত যেখানে যান্ত্রিক বিকলতা অথবা বয়লার বিস্ফোরণের কারণে বাধা অথবা বিলম্বের ফলাফল হিসেবে বিরাট আনুষঙ্গিক ক্ষতি হয়ে যায়।

যেখানে বিকলতা অথবা ক্ষতির এবং পুনর্বহালের মধ্যে সময়ের ব্যবধান বিরাট, সেখানে এই পলিসিটি ব্যবসায়ে অর্থ লগ্নী কমে যাওয়া এবং কাজের খরচ বেড়ে যাওয়ার কারণে মধ্যবর্তী সময়ের লভ্যাংশের ক্ষতির জন্য ক্ষতিপুরণ দেয়। শর্তাবলী এবং ব্যবসায়ে বাধা পলিসির সুরক্ষা হলো অগ্নি পলিসি লোকসানের অনুসরণে ব্যবসায়ে বাধা পলিসির সমান, যা আগে এই অধ্যায়ে আলোচনা করা হয়েছে।

৭. স্টক পলিসির পতন

হিমঘরের মালিক (ব্যক্তিগত অথবা সমবায় সমিতি) অথবা যাঁরা হিমঘর লিজে নেয় অথবা পচনশীল পণ্যের জন্য গুদাম ভাড়া করে এই পলিসিটি তাঁদেরজন্য উপযুক্ত। রেফ্রিজারেশন প্লান্ট এবং যন্ত্রপাতির বিকলতার দরুণ এবং ফলস্বরূপ তাপমাত্রা বেড়ে যাওয়া এবং অপ্রত্যাশিতভাবে হিমঘরের রেফ্রিজারেন্টের অব্যাহতি ঘটলে এই পলিসিটি ক্ষয় এবং দূষণের ঝুঁকির বিরুদ্ধে সুরক্ষা দেয়।

৪. বৈদ্যুতিন যন্ত্রপাতি পলিসি

এটি সুরক্ষা দেয় বিভিন্ন ধরণের বৈদ্যুতিন যন্ত্রপাতিকে, যার মধ্যে রয়েছে সি পি ইউসহ কম্পিউটারের সম্পূর্ণ সিস্টেম, কিবোর্ডস, মনিটর, প্রিন্টার্স, ইউ পি এস, সিস্টেম সফ্টওয়্যার ইত্যাদি। সহায়ক যন্ত্রপাতি যেমন শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র, উত্তাপক এবং বিদ্যুৎ সংরক্ষণ ইত্যাদিও সুরক্ষিত থাকে।

এই পলিসিটি হলো অগ্নি পলিসি, যন্ত্রপাতি বীমা পলিসি এবং ডাকাতি পলিসির সংমিশ্রণ। পলিসিটিতে আকস্মিক ঘটনা যেমন ত্রুটিপূর্ণ নকশা (ওয়্যারেন্টির অধীনে আচ্ছাদিত নয়), প্রাকৃতিক বিপর্যয়ের প্রভাব; ভোল্টেজের ওঠাপড়ার কারণে ত্রুটিপূর্ণ কাজকর্ম, শকের প্রভাব ইত্যাদি, ডাকাতি, বাড়ি ভাঙা এবং চুরিও সুরক্ষিত থাকে।

পলিসিটি উপলব্ধ হলো মালিক, প্রত্যেকটি ঘটনার পরিপ্রেক্ষিতে দায়িত্ব অথবা দায়বদ্ধতার ভিত্তিতে লিজ বা ভাড়া নেওয়া ব্যক্তি। এর সাধারণত তিনটি ভাগ থাকে যা বিভিন্ন ধরণের ক্ষতিকে আচ্ছাদিত করে:

a) **সেকশন ১:** সরঞ্জামের ক্ষতি ও লোকসান

b) **সেকশন ২:** কম্পিউটার এক্সটার্নাল হার্ড ডিস্কের মত এক্সটার্নাল মিডিয়ার ক্ষতি ও লোকসান

c) **সেকশন ৩:** কাজের বর্ধিত খরচ – ১২, ২৬, ৪০ বা ৫২ সপ্তাহ পর্যন্ত বিকল্প সরঞ্জাম দ্বারা ধারাবাহিক ডাটা প্রসেসিং নিশ্চিত করতে।

9. অ্যাডভান্সড লস অব প্রফিট কভার (ALOP) অথবা প্রকল্পের প্রাথমিক বিলম্ব (D.S.U.) পলিসি

প্রকল্প চলাকালীন দুর্ঘটনাজনিত ক্ষতির কারণে প্রকল্পের বিলম্বের আর্থিক পরিণতি এটা সুরক্ষিত করে। যিনি প্রকল্প থেকে অনুমোদিত আয় বঞ্চিত কোন প্রকল্পের সঙ্গে জড়িত কোনো অর্থকরী সংস্থা তাদের প্রাপ্য সুবিধা থেকে বঞ্চিত তেমন বীমাকৃতের জন্য এটা উপযুক্ত। প্রকল্প বাস্তবে শুরুর আগে MCE/EAR/CAR পলিসির সম্প্রসারণ হিসেবে এটা ইস্যু করা হয়।

নির্ধারিত সময়ে শুরু না করা গেলে মেয়াদী ঋণের উপর সুদ, ঋণপত্র, মজুরি ও বেতন প্রভৃতি খাতে ধারাবাহিক খরচ ও অনুমোদিত নেট লভ্যাংশের আর্থিক ক্ষতিকে সুরক্ষা করে এই পলিসি।

বিভিন্ন জটিল সূত্রের উপর প্রিমিয়ামের হার নির্ভর করে এবং পুনর্বীমা সহায়তারউপর নির্ভর করে। প্রদেয় প্রিমিয়াম স্থির করার ক্ষেত্রে অনুমোদিত মোট লাভ বা টার্নওভার এবং ক্ষতিপূরণের সময়ও জটিল সূত্র প্রযোজ্য।

নিজেকে পরীক্ষা করুন ৮

প্রকল্প শুরুতে বিলম্ব সুরক্ষাকে _____.

I. মেশিনারি লস অব প্রফিট কভার

II. অ্যাডভান্সড লস অব প্রফিট কভার

III. কন্ট্রাক্টর্স অল রিস্ক কভার

IV. কন্ট্রাক্টর্স প্ল্যান্ট অ্যান্ড মেশিনারি কভার

I. *শিল্পের সমস্ত ঝুঁকির বীমা*

ইন্ডাস্ট্রিয়াল অল রিস্ক পলিসির নকশা তৈরি হয়েছে শিল্প বিষয়– ম্যানুফ্যাকচারিং ও স্টোরেজ উভয়কে ভারতের যে কোনো জায়গায় একটি পলিসির আওতায় সুরক্ষা দেওয়ার জন্য। এতে বস্তুগত হানি ও ব্যবসা বন্ধ থাকার জন্য ক্ষতিপূরণ জোগানো হয়। সাধারণত, পলিসি নিম্নলিখিত বিষয়গুলিতে কভার দেয়:

i. অগ্নি বীমা চর্চা অনুযায়ী আগুন ও বিশেষ বিপদসমূহ

ii. বার্গলারি বা চুরি (লার্সেনি ছাড়া)

iii. মেশিনের বিকলতা / বয়লার বিস্ফোরণ / বৈদ্যুতিন সরঞ্জাম

iv. উপরে উল্লেখিত বিপদের জন্য ব্যবসার ক্ষতি

(উল্লেখযোগ্য: উপরের (৩)–তে বর্ণিত বিপদের কারণে ব্যবসার ব্যাঘাত সাধারণত প্যাকেজের অন্তর্ভুক্ত থাকে না তবে বিকল্প সুরক্ষা হিসেবে পাওয়া যায়)

- ✓ একক কার্যকরী পলিসির তুলনায় এই পলিসিতে ব্যাপকতর সুরক্ষা দেওয়া হয়।
- ✓ পলিসির প্রিমিয়ামের হার নির্ভর করে নির্বাচিত কভার, ক্লেইমের অভিজ্ঞতা ও নির্বাচিত বিয়োজন, MLOP –র জন্য ঝুঁকির মূল্যায়ন প্রভৃতির উপর।

নিজেকে পরীক্ষা করুন **9**

নিচের কোনটি শিল্পের সমস্ত ঝুঁকির বীমার আওতায় কভার করা হয় না?

I. অগ্নি বীমা চর্চা অনুযায়ী আগুন ও বিশেষ বিপদ

II. লার্সেনি বা চুরি

III. মেশিনের ব্রেকডাউন

IV. ইলেক্ট্রনিক সরঞ্জাম

J. *মেরিন বীমা*

মেরিন বীমাকে দুটি প্রকারে ভাগ করা যায়: মেরিন কারগো বা জাহাজে পণ্য পরিবহন ও মেরিন হাল বা জাহাজের কাঠামো

1. মেরিন কারগো বীমা

'মেরিন' পরিভাষাটি যদিও ইঙ্গিত করে সমুদ্রে দুঃসাহসিকতার কারণে কোনো ক্ষতিকে, কিন্তু **মেরিন কারগো বীমায়** আরো অনেক কিছু সুরক্ষা করা হয়। দেশের মধ্যে এবং বিদেশেও রেল, সড়ক, সমুদ্র, আকাশ পথে বা রেজিস্টার্ড পোস্টে মাল পাঠানোর সময় কোনো ক্ষয়ক্ষতিতেও এটা ক্ষতিপূরণ দেয়। এতে মালের প্রকারভেদ হতে পারে হীরে থেকে শুরু করে পারিবারিক জিনিসপত্র, সিমেন্ট, শস্য, প্রকল্পের জন্য ওভার ডায়মেনশনাল কারগোর (ও.ডি.সি.) মতো পরিমাণগত বিশাল দ্রব্যাদি।

দেশীয় বাণিজ্যের পাশাপাশি আন্তর্জাতিক বাণিজ্যে কারগো বীমা একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিক্রির বেশিরভাগ চুক্তিতেই কোনো ক্ষয়ক্ষতির জন্য মালটির বীমার সুরক্ষা থাকতে হয়, হয় বিক্রয়কারীর কাছ থেকে অথবা ক্রেতার তরফে।

বীমাকে প্রভাবিত করে কে: মালের [কনসাইনমেন্ট বা প্রেরিত মাল]ক্রেতা বা বিক্রেতা বিক্রির চুক্তির ভিত্তিতে কারগোর বীমা করতে পারেন।

মেরিন বীমার চুক্তিতে এমন শর্ত থাকা জরুরী, যাতে সেটা আন্তর্জাতিকভাবে প্রয়োগ করা যায়। এর কারণ হলো বীমা সুরক্ষার অধীনস্থ দ্রব্যাদি যেকোনো দেশের সীমানা পেরিয়ে যেতে পারে। তাই সুরক্ষার রীতি সেই অনুযায়ী আন্তর্জাতিক নিয়মাবলী মেনে হয় এবং নির্দিষ্ট ধারাগুলি পলিসির সঙ্গে যুক্ত থাকে।

মূল পলিসির দলিলে তাই সাধারণ শর্ত, কভারের সুযোগ ও ব্যতিক্রম ও বিশেষ ব্যতিক্রমগুলি আলাদা ধারা দিয়ে যুক্ত করা থাকে, যা পরিচিত ইনস্টিটিউট কার্গো ক্লজ (ICC) নামে। ইনস্টিটিউট অব লন্ডন আন্ডাররাইটার্স এগুলির খসড়া বানিয়েছেন।

a) মেরিন কারগো বীমার আওতাজনিত সুরক্ষা

কারগো পলিসিগুলি মূলত সমুদ্রযাত্রা পলিসি হয়, অর্থাৎ এগুলি সেই বিষয়বস্তুকে সুরক্ষিত করে যা একজায়গা থেকে অন্যত্র নিয়ে যাওয়া হয়। তথাপি বীমাকর্তাকেসবসময়েই তাঁর নিয়ন্ত্রণাধীনসমস্ত পরিস্থিতিকেগুরুত্ব নিতে হয়। এই পলিসির মূল বৈশিষ্ট্য হলো এটা একটা সম্মত ভ্যালু পলিসি। ভ্যালুয়েশন অনুমোদিত হয় বীমাকারী ও বীমাকৃতের মধ্যে এবং পরে নতুন করে ভ্যালুয়েশন করা হয় না যদি না কোনো জালিয়াতির সন্দেহ করা হয়। আরেকটি অনন্য বৈশিষ্ট্য হল এই পলিসিটি অবাধে হস্তান্তরযোগ্য।

সাধারণত বিক্রির চুক্তির শর্ত অনুযায়ী সুরক্ষার কার্যকারীতা শুরু হয় মালটি পলিসিতে উল্লেখিত ওয়ারহাউস থেকে বেরানোর সময় এবং শেষ হয় যখন মালটি পলিসিতে উল্লেখিত গন্তব্যে পৌঁছায়।

প্রযোজ্য শর্তাবলী নিয়ন্ত্রিত হয়;

i. ইনল্যান্ড ট্রানজিটের জন্য ইনল্যান্ড ট্রানজিট ক্লজ (ITC) ক, খবাগদ্বারা

ii. সমুদ্র যাত্রার জন্য ইনস্টিটিউট কারগো ক্লজ (ICC) ক, খ, বা গদ্বারা

iii. আকাশপথে পরিবহনের জন্য ইনস্টিটিউট কারগো (এয়ার) ক্লজ – কদ্বারা

ইনস্টিটিউট কারগোক্লজ গন্যূনতম সুরক্ষা মঞ্জুর করে, যা হলো কারগো বহনকারী যান বা ভেসেলেরঘটে যাওয়া ক্ষয়ক্ষতি। যথা:

i. আগুন বা বিস্ফোরণে

ii. রেলের বেলাইন বা যান উলটে গিয়ে

iii. ভেসেল চড়ায় ঠেকে যাওয়া, সমুদ্রতল স্পর্শ করা বা ডুবে যাওয়ায় (জাহাজের ক্ষেত্রে)

iv. বাইরের জিনিসের সঙ্গে সংঘর্ষে

ইনস্টিটিউট কারগোক্লজ খপ্রশস্থগ-এর তুলনায় বেশী প্রশস্ত। গ-তে সুরক্ষা করা ঝুঁকি ছাড়াও ক্লজ খ-তে সেই ক্ষয়ক্ষতির সুরক্ষা দেওয়া হয়, যা ঘটে:

i. ভূমিকম্প, আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত ও বজ্রপাতের মত দৈবাৎ (AOG) বিপদে

ii. স্থল পথের ক্ষেত্রে ব্রিজ ভেঙে পড়লে

iii. সমুদ্র পথের ক্ষেত্রে জলে ধুয়ে গেলে ও পড়ে গেলে

iv. ভেসেলে জল ঢুকে গেলে

ইনস্টিটিউট কারগো ক্লজ ক-তে প্রশস্ততম কভার দেওয়া হয় কারণ এতে খএবংগ-র সমস্ত ঝুঁকি ছাড়াও অন্য আরো অনেক ঝুঁকির ক্ষয়ক্ষতির সুরক্ষা দেওয়া হয়, নির্দিষ্ট কিছু ব্যাতিক্রম ছাড়া যেমন:

i. বীমাকরীর ইচ্ছাকৃত কোনো কাজের জন্য ক্ষয়ক্ষতি হলে

ii. সাধারণ লিকেজ, ভাঙা, টানা হ্যাঁচরা বা ওজন বা আয়তনে স্বাভাবিক ক্ষয়

iii. প্যাকিংয়ের অপ্রতুলতা

iv. সহজাত খুঁত

v. বিলম্ব

vi. মালিকের ঋণ পরিশোধে অসমর্থতার কারণে ক্ষতি

vii. নিউক্লিয়ার ঝুঁকি

এই ব্যাতিক্রমগুলি স্থল, আকাশ ও সমুদ্রে সমস্ত ক্লজের ক্ষেত্রেই অভিন্ন। কয়লা, প্রভূত পরিমাণে তেল ও চা প্রভৃতির মতো নির্দিষ্ট পণ্যের বাণিজ্যের জন্য আলাদা ক্লজ রয়েছে। অতিরিক্ত প্রিমিয়াম দিয়ে মেরিন কভারকে যুদ্ধ, ধর্মঘট, দাঙ্গা, সামাজিক উত্তেজনা ও সন্ত্রাসবাদেও প্রসারিত করা যায়। মেরিন ও এভিয়েশন পলিসি হলো বীমার একমাত্র শাখা যা যুদ্ধের ঝুঁকিকে সুরক্ষা যোগায়।

গুরুত্বপূর্ণ

স্ট্যান্ডার্ড পলিসি ফর্মের অধীনে এবং পলিসির সঙ্গে বিস্তৃতভাবে যুক্ত বিভিন্ন ক্লজের আওতায় একটা মেরিন পলিসির দ্বারা সুরক্ষিতঝুঁকিগুলি যে তিনটিধারায় পড়ে:

i. মেরিন ঝুঁকি,
ii. বহিরাগত ঝুঁকি এবং
iii. যুদ্ধ, ধর্মঘট, দাঙ্গা, সামাজিক উত্তেজনা ও সন্ত্রাসবাদের ঝুঁকি।

b) বিভিন্ন ধরনের মেরিন পলিসি

i. নির্দিষ্ট পলিসি

এই পলিসিটি একটাই শিপমেন্টকে কভার করে। একটা নির্দিষ্ট সমুদ্র যাত্রা বা ট্রানজিটের ক্ষেত্রেই এটা বৈধ থাকে। যে বণিক নিয়মিত আমদানি ও রপ্তানির ব্যবসায় যুক্ত অথবা যিনি নিয়মিতভাবে অন্তর্দেশীয় পণ্য পরিবহন করেন তাঁর কাছে ওপেন পলিসির মত বিশেষ ব্যবস্থায় বীমার চুক্তি করা সুবিধাজনক হয়।

ii. ওপেন পলিসি

দেশের মধ্যে পণ্য পরিবহন ওপেন পলিসির আওতায় সুরক্ষা পেতে পারে। পলিসিটি এক বছরের জন্য বৈধ থাকে। এবং এই সময়ের মধ্যে সকল পণ্যবহান সম্পর্কে বীমাকৃতকে পক্ষকাল, মাসিক বা ত্রৈমাসিক ভিত্তিতে যেমনটা চুক্তি হবে সেই অনুযায়ী বীমাকারীকে জানাতে হবে।

iii. ওপেন কভার

বড় রপ্তানিকারক ও আমদানিকারী যিনি লাগাতার বাণিজ্য করেন, তার জন্য ওপেন কভার ইস্যু করা হয়। 'মেরিন ডিসপ্যাচে' এক বছরের লেনদেনের জন্য এটা সুরক্ষা ও প্রিমিয়ামের হার সেট করে। ওপেন কভার কোন পলিসি নয় এবং এতে স্ট্যাম্প থাকে না। প্রত্যেক ঘোষণার জন্য যথার্থ মূল্যের জন্য আগে থেকে স্ট্যাম্প যুক্ত একটা বীমার সংশাপত্র ইস্যু করা হয়।

iv. কর্তব্য ও বর্ধিত ভ্যালু বীমা

এই পলিসিগুলিতে অতিরিক্ত বীমা দেওয়া হয়, গন্তব্যে পৌঁছানোর দিনে কাস্টম ডিউটি দেওয়ার জন্য বা পণ্যের বাজার মূল্য বেড়ে গিয়ে যদি কারগোর মূল্য বেড়ে যায়।

v. শুরু করতে বিলম্ব

বহু বিমাকৃতই এই বীমা সুরক্ষাটি নির্বাচন করেন। নতুন প্রকল্পের ক্ষেত্রে যাতায়াতের সময় যন্ত্রপাতির কোনো ক্ষয়ক্ষতি হলে নতুন যন্ত্রপাতি আনানোর জন্য প্রকল্প শেষ করতে বিলম্ব হলে লভ্যাংশের ক্ষতি হয়। আর্থিক প্রতিষ্ঠানগুলি যারা চায় সময়মতো প্রকল্প শেষ করতে কারণ তাদের ঋণ পরিশোধযোগ্য, তারা এই ঝুঁকিটাকে একটা বীমা চুক্তির দ্বারা যেমন সুরক্ষিত করতে চায়, তেমনি মেরিন (কারগো) বীমা পলিসিকে সম্প্রসারিত করতে চায় মেরিন বিলম্ব বা শুরুর সাধারণ বিলম্বের জন্য এই পরোক্ষ ক্ষতির বিনিময়ে।

প্রিমিয়াম: হার নির্ভর করে জিনিসধরণ, শিপমেন্টের ধরন, প্যাকেজের ধরন, যাত্রা পথ ও অতীত ক্লেইমের অভিজ্ঞতার উপর। যদিও SRCC ও যুদ্ধের ঝুঁকি (ওভারসীস কারগোর

জন্য) –র মতো ঝুঁকিগুলি বিশেষ আইনের নিয়ন্ত্রণে সম্প্রাসরিত কভার দেওয়া হয় এবং প্রিমিয়াম সংগ্রহ করে কেন্দ্রীয় সরকার।

2. মেরিন হাল বীমা

'হাল' বলতে বোঝায় একটা জাহাজ বা অন্য জলে পরিবহনকারী ভেসেলের বডি।

মেরিন হাল বীমা করা হয় আন্তর্জাতিক নিয়ম অনুযায়ী, যা বিভিন্ন দেশেই প্রযোজ্য। মেরিন হাল মূলত দুই ধরনের হয়:

a) **একটি বিশেষ সমুদ্রযাত্রাকে কভার করা: ক্লজের যে সেট এখানে ব্যবহৃত হয় তাকে বলে ইনস্টিটিউট ভয়েজ ক্লজ**

b) **একটা সময়ের মেয়াদে সুরক্ষা দেয়: সাধারণত এক বছর। এখানে ব্যবহৃত ক্লজের সেটকে বলা হয় ইনস্টিটিউট (টাইম) ক্লজ।**

তথ্য

হাল বীমার মধ্যে নিম্নলিখিত বীমাগুলি অন্তর্ভুক্ত থাকে:

i. বার্জ, লঞ্চ, যাত্রীবাহী ভেসেল প্রভৃতির মতো অন্তর্দেশীয় ভেসেল
ii. ড্রেজার (যান্ত্রিক বা অ-যান্ত্রিক)
iii. মাছ ধরার ভেসেল (যান্ত্রিক বা অ-যান্ত্রিক)
iv. সেইলিং ভেসেল (যান্ত্রিক বা অ-যান্ত্রিক)
v. জেটি ও হোয়ার্ভস
vi. নির্মাণের প্রক্রিয়া ভেসেল

জাহাজ মালিকের বীমার স্বার্থ শুধুমাত্র জাহাজেই থাকে না, বরং বীমা থাকাকালীন সময়ে জাহাজে পরিবাহিত পণ্যের ভাড়াতেও থাকে। এছাড়াও জাহাজ মালিকের বীমার স্বার্থ জড়িয়ে থাকে প্রভিশন ও স্টোর সহ ভেসেল ফিট করতে তিনি যে অর্থ খরচ করেছেন তাতেও। **এই খরচগুলিকে বলা হয় ডিসবার্সমেন্ট বা অর্থপ্রদান এবং একটা নির্দিষ্ট সময়ের জন্য হাল পলিসির সঙ্গে এই খরচগুলিকেও বীমা করা হয়।**

গুরুত্বপূর্ণ

এভিয়েশন বীমা: বিমানের জন্যও একটা সুসংহত বীমা ব্যবস্থা প্রচলিত আছে যা বিমানের হানি বা ক্ষতিকে সুরক্ষা দেওয়ার পাশাপাশি তৃতীয় পক্ষ ও বিমানের যাত্রীদের আইনী দায়বদ্ধতাগুলিকে সুরক্ষিত করে।

নিজেকে পরীক্ষা করুন **10**

যুদ্ধের ঝুঁকির জন্য কভার দেওয়া হয় বীমার কোন শাখায়?

I. মেরিন পলিসি

II. এভিয়েশন পলিসি

III. উপরের উভয়ই

IV. উপরের কোনোটিই নয়

K. *দায়বদ্ধতার পলিসি*

মানুষ যতই সাবধানী হোন না কেন, দুর্ঘটনা পুরোপুরি এড়াতে পারেন না। কোন দুর্ঘটনা থেকে একজন নিজে চোট পেতে পারেন ও তাঁর কোনো সম্পত্তির ক্ষতি হতে পারে এবং একই সঙ্গে তৃতীয় কোনো পক্ষের চোট লাগতে পারে বা তাঁদের সম্পত্তির ক্ষতি হতে পারে। যাঁরা এভাবে ক্ষতিগ্রস্ত হবেন তাঁরা তাঁদের এই ক্ষতির জন্য ক্ষতিপূরণ দাবি করতে পারেন।

দায়বদ্ধতা আবার একটা পণ্যের উৎপাদন ও বিক্রির ত্রুটির সঙ্গে জড়িত, যেমন চকোলেট বা ওষুধ, যা থেকে ব্যবহারকারীর ক্ষতি হতে পারে। একইভাবে, একজন রোগীর ভুল রোগ নির্ণয় বা ভুল চিকিৎসার ব্যাপারে অথবা কোনো আইনজীবী তাঁর মক্কেলের মামলা সঠিকভাবে না সামলালে দায়বদ্ধতার প্রশ্ন উঠতে পারে ।

এই সমস্ত ক্ষেত্রে, যেখানে একজন তৃতীয় পক্ষ, ক্রেতা বা রোগী উল্লেখিত ভুলের জন্য ক্ষতিপূরণ দাবি করবেন, এই ক্ষতিপূরণ প্রদানের জন্য বা ক্লেইমকারীর করা মামলা চালানোর খরচ মেটানোরও দাবি থাকবে এতে। অন্য ভাবে বললে, এখানে প্রদানের দায়বদ্ধতা থেকে একটা আর্থিক ক্ষতিপূরণের বিষয় থাকে। এই ধরনের একটা দায়বদ্ধতা থাকা ও প্রদেয় ক্ষতিপূরণের বিষয়টি একটা সিভিল কোর্টেমারফৎ নিষ্পত্তি হয়, যেখানে উল্লেখিত অবহেলা বা জালিয়াতির সমস্ত দিক খতিয়ে দেখা হয়। দায়বদ্ধতা বীমা পলিসি এই ধরনের দায়বদ্ধতার সুরক্ষা দেয়।

আসুন কিছু দায়বদ্ধতা পলিসি দেখে নিই।

বিধিবদ্ধ দায়বদ্ধতা

ক্ষতিপূরণ প্রদানের জন্য কিছু বিধিবদ্ধ আইন বা সংবিধি রয়েছে। আইনগুলি হলো:

- ✓ পাবলিক লায়াবিলিটি ইনস্যুরেন্স অ্যাক্ট, ১৯৯১এবং
- ✓ এমপ্লয়িজ কম্পেনসেশন অ্যাক্ট১৯২৩,২০১০-এ যা সংশোধিত

এই ধরনের দায়বদ্ধতার রক্ষার জন্য বীমা পলিসি পাওয়া যায়। আসুন সেগুলির কিছু দেখি।

1. কম্পালসারি পাবলিক লায়াবিলিটি পলিসি বা বাধ্যতামূলক জন দায়বদ্ধতা পলিসি

পাবলিক লায়াবিলিটি ইনস্যুরেন্স অ্যাক্ট, 1991 দায় আরোপ করেছে তাদের উপর যারা বিপজ্জনক সামগ্রী সামলান তাদের ভুলের জন্য নয় এমন কোনো ক্ষেত্রে তৃতীয় কোনো পক্ষ চোট পেলে বা তার সম্পত্তির ক্ষতি হলে। বিপজ্জনক জিনিসের নাম ও প্রত্যেকটির পরিমান এই আইনে লিপিবদ্ধ করা হয়েছে।

ব্যক্তি পিছু প্রদেয় ক্ষতিপূরণের পরিমাণ নিচে দেখানো হলো।

প্রদেয় ক্ষতিপূরণ

প্রাণনাশক দুর্ঘটনা	২৫,০০০টাকা
স্থায়ী সম্পূর্ণ অক্ষমতা	২৫,০০০টাকা
স্থায়ী আংশিক অক্ষমতা	২৫,০০০টাকার % দায়বদ্ধতার % ভিত্তিতে
অস্থায়ী আংশিক অক্ষমতা	১০০০ টাকা প্রতি মাসে, সর্বোচ্চ ৩মাস
প্রকৃতচিকিৎসাব্যয়	সর্বোচ্চ১২,৫০০ টাকা পর্যন্ত
সম্পত্তির প্রকৃত ক্ষয়ক্ষতি	৬০০০ টাকা পর্যন্ত

প্রিমিয়াম AOA (যে কোনো একটি দুর্ঘটনা)-র সীমা ও ক্লায়েন্টের টার্নওভারের ভিত্তিতে হয়। এই পলিসির একটা বিশেষ বৈশিষ্ট্য হলো 'এনভায়রনমেন্ট রিলিফ ফান্ডে' (পারিপার্শ্বিক ত্রাণ তহবিল) অবদান হিসেবে প্রিমিয়ামের সমান একটা পরিমাণ বাধ্যতামূলকভাবে বীমাকৃত দিতে হয়। বেশি সংখ্যায় তৃতীয় পক্ষ ক্ষতিগ্রস্ত হলে এবং প্রদেয় রিলিফের মোট পরিমাণ যদি A.O.A. সীমাকে ছাড়িয়ে যায় তবে বাকি পরিমাণ অর্থ দেওয়া হবে ওই তহবিল থেকে।

2. পাবলিক লায়াবিলিটি পলিসি (ইন্ডাস্ট্রিয়াল / নন-ইন্ডাস্ট্রিয়াল ঝুঁকি)স

এই ধরনের পলিসি সুরক্ষিত করে বীমাকৃতের ত্রুটি / অবহেলার জন্য তৃতীয় পক্ষের ব্যক্তিগত আঘাত বা সম্পত্তি নষ্ট [TPPI OR TPPD]-এর ফলে দায়বদ্ধতাকে।

ইন্ডাস্ট্রিয়াল ঝুঁকির পাশাপাশি হোটেল, সিনেমা হল, অডিটোরিয়াম, আবাসন, অফিস, স্টেডিয়াম, গোডাউন ও দোকানের মতো নন-ইন্ডাস্ট্রিয়াল ঝুঁকিকে কভার দেওয়ার জন্য আলাদা আলাদা পলিসি রয়েছে। পলিসিগুলিতে ক্ষতিপূরণ দেওয়ার আইনী দায়বদ্ধতাকে সুরক্ষা দেওয়ারসঙ্গে সঙ্গে, এর মধ্যে TPPI/TPPD-র ভারতীয় আইন অনুযায়ী ক্লেইম করার খরচ, ফি ও অন্যান্য খরচও অন্তর্ভুক্ত করা হয়।

পলিসি সুরক্ষা দেয় না যে সব ক্ষেত্রে:

a) পণ্যের দায়বদ্ধতা

b) দূষণের দায়বদ্ধতা

c) পরিবহণ সংক্রান্ত বিষয়

d) কর্মচারী বা শ্রমিকের চোট আঘাত

3. পণ্যের দায়বদ্ধতা পলিসি

পণ্যের দায়বদ্ধতা পলিসির চাহিদাগুলি পণ্যের ব্যাপক বৈচিত্র্যের কারণে ক্রমবর্ধমান। যেমন ক্যানবন্দী খাদ্য সামগ্রী, বায়বায়িত জল, ওষুধ ও ইঞ্জেকশন, বৈদ্যুতিক সরঞ্জাম, মেকানিকাল সরঞ্জাম, রাসায়নিক প্রভৃতি নানা ধরনের পণ্য আজকাল উৎপাদিত হচ্ছে এবং জনসাধারণকে বিক্রি করা হচ্ছে। কোনো পণ্যের একটি ত্রুটির কারণে যদি কারোর মৃত্যু ঘটে, শারীরিক চোট পায় বা অসুস্থহয় বা কোনো তৃতীয় পক্ষের সম্পত্তির কোনো ক্ষতি হয়, তাহলে তার জন্য ক্ষতিপূরণ দাবি করা যেতে পারে। পণ্য দায়বদ্ধতা পলিসিগুলি বীমাকৃতের এই দায়বদ্ধতাকে সুরক্ষিত করে।

অন্তর্দেশীয় বিক্রির পাশাপাশি রপ্তানির ক্ষেত্রেও এই সুরক্ষা পাওয়া যায়।

4. লিস্ট (তৃতীয় পক্ষ) দায়বদ্ধতা বীমা

লিস্ট ব্যবহার ও অপারেশন সংক্রান্ত দায়বদ্ধতার ক্ষেত্রে এই পলিসি বাড়ির মালিককে ক্ষতিপূরণ দেয়। এটা কভার করে আইনী দায়বদ্ধতা:

a) কোনো ব্যক্তির মৃত্যু/শারীরিক চোট (বীমাকৃতের কর্মচারী ব্যতিরেকে)

b) সম্পত্তির ক্ষতি (বীমাকৃতের নিজের বা কর্মচারীর সম্পত্তি ব্যতিরেকে)

কোনো একজন ব্যক্তি, কোনো একটি দুর্ঘটনা ও কোনো এক বছরে ক্ষতিপূরণের সীমার উপর প্রিমিয়ামের হার নির্ভর করে।

5. পেশাগত দায়বদ্ধতা

পেশাগত ক্ষতিপূরণের নকশা করা হয়েছে পেশাজীবী ব্যক্তিকে বীমার সুরক্ষা দেওয়ার জন্য যা তাঁদের পেশাগত কর্তব্য পালনের অবহেলার কারণে হওয়া ক্ষতির জন্য আইনী দায়বদ্ধতা দেয়। এই ধরনের সুরক্ষা পাওয়া যায় ডক্টর হাসপাতাল; ইঞ্জিনিয়ার, স্থপতি; চার্টার্ড অ্যাকাউন্টেন্ট, ফিনান্সিয়াল কনসালটেন্টস, আইনজীবী, ইনস্যুরেন্স ব্রোকার ইত্যাদি পেশাসম্পন্ন ব্যক্তিদের জন্য।

6. ডিরেক্টর ও অফিসারদের দায়বদ্ধতা পলিসি

একটা কোম্পানির পরিচালক ও আধিকারিকগণ বিশ্বাস ও দায়িত্বশীল স্থান অধিকার করে থাকেন। কোম্পানির বিষয়ে নজরদারি ও রক্ষণাবেক্ষণে তাঁদের কোনো ভুল কাজের জন্য কোম্পানির শেয়ারহোল্ডার (অংশীদারগণ), কর্মচারী, ঋণদাতা ও অন্যান্য স্টেকহোল্ডারদের (মজুতদারদের) ক্ষতিপূরণ দেওয়ার দায়িত্ব থাকে তাঁদেরই। এই ধরনের দায়বদ্ধতার সুরক্ষা দিতে একটা পলিসির পরিকল্পনা করা হয়েছে এবং সেটি কোম্পানিকে ইস্যু করা হয় তাদের সমস্ত পরিচালকদের সুরক্ষিত করার জন্য।

7. কর্মচারীর ক্ষতিপূরণ বীমা

এই পলিসিটি বীমাকৃতকে নিরাপত্তা দেয় তাঁর কর্মচারীদের ক্ষতিপূরণ দেওয়ার আইনী দায়বদ্ধতার ক্ষেত্রে, যদি সেই কর্মচারী কাজের মধ্যে কোনো দুর্ঘটনায় পড়েন বা রোগে আক্রান্ত হন। এই পলিসিটাকে শ্রমিক ক্ষতিপূরণ বীমাও বলা হয়ে থাকে।

দুই ধরনের বীমা বাজারে প্রচলিত রয়েছে:

a) **টেবিলক:** এমপ্লয়িজ কম্পেনসেশন অ্যাক্ট ১৯২৩, (ওয়ার্কমেনস কম্পেনসেশন অ্যাক্ট, ১৯২৩), ফেটাল অ্যাক্সিডেন্ট অ্যাক্ট, ১৮৫৫এবং সাধারণ আইনের অধীনে দুর্ঘটনার জন্য কর্মচারীদের আইনী দায়বদ্ধতার বিনিময়ে নিরাপত্তা।

b) **টেবিলখ:** ফেটাল অ্যাক্সিডেন্ট অ্যাক্ট, ১৮৫৫এবং সাধারণ আইনের অধীনে আইনী দায়বদ্ধতার বিনিময়ে নিরাপত্তা

প্রোপোজাল ফর্মে ঘোষিত কর্মচারীদের আনুমানিক মজুরির উপর প্রিমিয়ামের হার প্রয়োগ হয় এবং প্রিমিয়াম অ্যাডজাস্ট করা হয় পলিসির সমাপ্তিকালীন সময় বীমাকৃতের ঘোষিত প্রকৃত মজুরির ভিত্তিতে।

পলিসি সম্প্রসারিত করা যেতে পারে নীচের সুরক্ষাগুলি দেওয়ার জন্য:

i. নির্ধারিত পরিমাণ পর্যন্ত কর্মচারীর আঘাতের চিকিৎসার জন্য বীমাকারীর যে মেডিক্যাল ও হসপিটাল খরচ হয়

ii. আইনে লিপিবদ্ধ পেশাগত রোগের দায়বদ্ধতা

iii. ঠিকাদারের কর্মচারীর প্রতি দায়বদ্ধতা

নিজেকে পরীক্ষা করুন **11**

পাবলিক লায়াবিলিটি ইনস্যুরেন্স অ্যাক্ট, ১৯৯১-এর অধীনে, প্রকৃত মেডিক্যাল খরচের জন্য কতটা ক্ষতিপূরণ প্রদেয় হয়?

I. ৬,২৫০ টাকা

II. ১২,৫০০ টাকা

III. ২৫,০০০ টাকা

IV. ৫০,০০০ টাকা

সারাংশ

a) বাণিজ্যিক প্রতিষ্ঠানের পাশাপাশি সম্পত্তির মালিক ও ব্যক্তি বা আর্থিক প্রতিষ্ঠান যাদের ওই সম্পত্তিতে আর্থিক স্বার্থ জড়িয়ে আছে, তাদের জন্য উপযুক্ত অগ্নি বীমা পলিসি।

b) অগ্নি পলিসির রূপভেদেরমধ্যে রয়েছে:

- ✓ বাজার মূল্য ভিত্তিতে পলিসি
- ✓ বাজার মূল্য বা পুনর্বহাল মূল্য পলিসি
- ✓ ঘোষণা পলিসি
- ✓ ফ্লোটার পলিসি

c) ঘটনাক্রমের ক্ষতি (CL) পলিসি বা ব্যবসায় ব্যাঘাত (BI) পলিসি সেই লোকসানের জন্য নিরাপত্তা দেওয়া যাকে মোট লাভ বলা হয় – এর মধ্যে থাকে নেট লাভ সঙ্গে স্ট্যান্ডিং চার্জ, সঙ্গে কাজের বর্ধিত খরচ যা ব্যবসাকে স্বাভাবিক জায়গায় ফিরিয়ে আনার জন্য বীমাকৃতকে করতে হয়, যতশীঘ্র সম্ভব চূড়ান্ত লোকসান কমাতে।

d) বার্গলারি বা চুরির পলিসি মানে হলো ফ্যাকটরি, দোকান, অফিস, ওয়ারহাউস ও গোডাউনের মতো ব্যবসায়িক প্রেমিসেসের জন্য যার মধ্যে থাকতে পারে স্টক, মালপত্র, আসবাবপত্র ও লক করা সেফে নগদ টাকা, যেগুলি চুরি হতে পারে।

